দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ১৭ মে ২০২৬ ॥ ২৮ জিলক্বদ ১৪৪৭ ॥ ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৫৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তবে ইশারা ইঙ্গতে করতে পারবে এবং তোমার পালনকর্তাকে অধিক পরিমাণে স্মরণ করবে আর সকাল-সন্ধ্যা তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষনা করবে।

সূরা আল ইমরান ৪১

উন্নয়নের নামে দেশের মানুষের অর্থ তছরুপ করা হয়েছে : প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, আমরা দেখেছি বিগত ১৬ বছর এই দেশের মানুষের ২ এর পাতায় দেখুন

দেশের স্বার্থ নষ্ট হয় এমন কোনো চুক্তি করবে না সরকার: ফখরুল

কীর্তনখোলা ডেস্ক

দেশের জাতীয় স্বার্থ নষ্ট হয় এমন কোনো চুক্তি সরকার করবে না বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার ২ এর পাতায় দেখুন

ভালোর পক্ষে পানির মতো তরল থাকবো, অন্যায় দেখলে ইস্পাত কঠিন হবো

কীর্তনখোলা ডেস্ক

বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান (এমপি) বলেছেন, আমরা ভালো কাজের ২ এর পাতায় দেখুন

'শেখ হাসিনাকে নিয়ে আসব এই দেশে, তাকে ফাঁসির কাষ্টে ঝুলাবো'

কীর্তনখোলা ডেস্ক

এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, শেখ হাসিনাকে নিয়ে আসব এই দেশে। তাকে ফাঁসির কাষ্টে ২ এর পাতায় দেখুন

গ্যাসের আগুন কেড়ে নিল ৫ প্রাণ

পাশাপাশি কবরে শায়িত স্বামী, স্ত্রী ও তিন সন্তান

বাউফল প্রতিনিধি

কষ্ট সইবার মতো আর অবশিষ্ট কেউ রইল না। একে একে নিভে গেল একটি পরিবারের সবকটি প্রাণ। গ্যাসের আগুনে দগ্ধ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান স্বামী, স্ত্রী ও তাদের তিন সন্তান। শনিবার (১৬ মে) সকালে মা সালমা বেগম (৪০), একমাত্র ছেলে মুন্না (১২), দুই মেয়ে মুন্নী (৯) ও শিশু কথার (৭) সাদা কফিনে মোড়ানো লাশ পটুয়াখালীর বাউফল উপজেলার কনকদিয়া ইউনিয়নের উত্তর কনকদিয়া গ্রামের কাড়াল বাড়িতে এসে পৌঁছায়। এর আগে গত সোমবার সকালে দাফন করা হয়েছিল গৃহকর্তা কালাম মিয়াকে (৪৫)। তার কবরের পাশেই বাকি চারজনকে শায়িত করা হয়েছে। পারিবারিক সূত্রে জানা গেছে, কালাম মিয়া দীর্ঘদিন ধরে নারায়ণগঞ্জের ফতুল্লার সাইনবোর্ড এলাকায় কাঁচামালের ব্যবসা করতেন। স্ত্রী ও তিন সন্তানকে নিয়ে ভুইগড় এলাকার একটি ১০ তলা ভবনের নিচতলায় দুটি রুম ভাড়া নিয়ে থাকতেন তিনি। গত রোববার (১০ মে) সকাল ৬টার দিকে তিনি রান্নাঘরে গ্যাসের চুলায় তরকারি গরম করতে যান। তখন স্ত্রী ও সন্তানরা গভীর ঘুমে আচ্ছন্ন ছিলেন। ঘরটিতে আগে থেকেই জমে থাকা গ্যাস দেশলাইয়ের আগুনের সংস্পর্শে আসতেই বিকট শব্দে বিস্ফোরিত হয়। মুহূর্তের মধ্যে আগুন পুরো ঘরে ছড়িয়ে পড়ে। জ্বলন্ত আগুনের মাঝেও বাবা কালাম মিয়া ঘরের দরজা খুলে দগ্ধ ছেলে মুন্নাকে বাইরে বের করে দিতে পেরেছিলেন। কিন্তু ততক্ষণে আগুনের লেলিহান শিখা কামালের স্ত্রী ও দুই কন্যাসন্তানসহ সবাইকে নির্মমভাবে গ্রাস করে নেয়। স্থানীয় বাসিন্দা ও ফায়ার সার্ভিসের কর্মীরা তাদের উদ্ধার করে দ্রুত ঢাকা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করেন। দুর্ঘটনার দিন চিকিৎসাধীন অবস্থায় মারা যান পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি কালাম মিয়া। স্বজনরা রাতেই তার মরদেহ নিয়ে আসেন গ্রামের বাড়িতে এবং সোমবার সকাল ১০টায় জানাজা শেষে দাফন করা হয়। তখনও কেউ জানত না, এই কবরের পাশে আরও চারটি কবর খুঁড়তে হবে। বুধবার বিকেল মৃত্যুর কোলে ঢলে পড়ে ৭ বছরের অবুঝ শিশু কথা। পরে রাত ১১টার দিকে মারা যায় একমাত্র ছেলে মুন্না (১২)। পরদিন বৃহস্পতিবার না ফেরার দেশে চলে যায় মেঝ মেয়ে মুন্নী (৯)। শুক্রবার সকাল ৮টায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন মা সালমা বেগম। শনিবার সকালে মা ও তিন সন্তানের লাশবাহী অ্যাম্বুলেন্স ২ এর পাতায় দেখুন

নতুন কুঁড়ি স্পোর্টসর উদ্বোধন অনুষ্ঠানে জিয়াউদ্দিন হায়দার

শিশুদের মোবাইল আসক্তি কাটিয়ে মাঠে ফিরতে হবে

কীর্তনখোলা রিপোর্ট

শিশুদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী ও বিশিষ্ট পুষ্টিবিদ ড. এস. এম জিয়াউদ্দিন হায়দার বলেছেন, বর্তমানে অধিকাংশ শিশু মোবাইল ও প্রযুক্তিনির্ভর জীবনে আসক্ত হয়ে পড়ছে। এ অবস্থা থেকে বেরিয়ে এসে শিশুদের আবার মাঠে ফিরতে হবে। সুস্থ, মানবিক ও মেধাবী প্রজন্ম গড়ে তুলতে খেলাধুলার কোনো বিকল্প নেই। শনিবার (১৬ মে) বরিশালে বিভাগীয় প্রশাসন ও জেলা ক্রীড়া অফিসের আয়োজনে বরিশাল স্টেডিয়ামে বিভাগীয় পর্যায়ের 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, শিশুরাই আগামী দিনের নেতৃত্ব দেবে। তাই ২ এর পাতায় দেখুন

ভারতের দালালদের হাত-পা ভেঙে পুলিশে সোপর্দ করতে হবে: কর্নেল অলি

কীর্তনখোলা ডেস্ক

ভারতের দালালদের হাত-পা ভেঙে পুলিশে সোপর্দ করার পরামর্শ দিয়েছেন লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিডি) চেয়ারম্যান ড. কর্নেল (অব.) অলি আহমদ (বীর বিক্রম)। শনিবার (১৬ মে) বিকেলে রাজশাহীর মাদ্রাসা ময়দানে ১১ দলীয় ঐক্যের এক সমাবেশে বক্তব্য দিতে গিয়ে অলি আহমদ এই পরামর্শ দিয়েছেন। গণভোটের রায় বাস্তবায়ন, জনদুর্ভোগ লাঘব ও পদ্মার পানির ন্যায্য হিস্যার দাবিতে এই ২ এর পাতায় দেখুন

বরিশালে সমন্বিত পরিচ্ছন্নতা অভিযান শুরু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলায় 'পরিচ্ছন্ন মোদের বরিশাল, সুস্থ থাকবে চিরকাল' এ প্রতিপাদ্যে বরিশালে পরিবেশ সুরক্ষা ও পরিচ্ছন্নতা অভিযান- ২০২৬ উদ্বোধন করা হয়েছে। জেলা যুব উদ্যোক্তা ফোরামের আয়োজনে শনিবার বেলা ১১টায় নগরীর কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ থেকে এ অভিযান শুরু করা হয়। প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এস এম জিয়াউদ্দিন হায়দার এ অভিযানের উদ্বোধন করেন। ২ এর পাতায় দেখুন

ডিআইজি ও দায়িত্বপ্রাপ্ত পুলিশ কমিশনার মোস্তাফিজুর রহমানকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন প্রকাশক ও সম্পাদক পরিষদের নেতৃবৃন্দ -কীর্তনখোলা

বরিশাল রেঞ্জ ডিআইজির সঙ্গে প্রকাশক-সম্পাদক পরিষদের মতবিনিময় সভা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল রেঞ্জ পুলিশ কার্যালয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বরিশাল রেঞ্জের ডিআইজি ও দায়িত্বপ্রাপ্ত পুলিশ কমিশনার মো. মোস্তাফিজুর রহমানের সঙ্গে মতবিনিময় করেছেন প্রকাশক ও সম্পাদক পরিষদ, বরিশালের নেতৃবৃন্দ। সভায় উপস্থিত ছিলেন প্রকাশক ও সম্পাদক পরিষদ, বরিশালের সভাপতি এবং দৈনিক আজকের পরিবর্তন পত্রিকার প্রকাশক ও সম্পাদক কাজী মিরাজ মাহমুদ, সাধারণ সম্পাদক ও দৈনিক আজকের সময়ের ২ এর পাতায় দেখুন

ফ্যামিলি কার্ডের টাকায় নারীর ক্ষমতায়ন তৈরি হবে : তথ্যমন্ত্রী

গৌরনদী প্রতিনিধি

তথ্য ও সম্প্রচারমন্ত্রী এম জহির উদ্দিন স্বপন (এমপি) বলেছেন, ফ্যামিলি কার্ডের মাধ্যমে দেওয়া টাকায় পরিবারের নারীর ক্ষমতায়ন তৈরি হবে। শনিবার (১৬ মে) বিকেলে বরিশালের গৌরনদী উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আয়োজিত ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে ভার্চুয়ালি প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, জাতীয় নির্বাচনের সময় বরিশাল-১ আসনের ভোটারদের কাছে দেওয়া গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতির একটি ছিল প্রতিটি পরিবারকে ফ্যামিলি কার্ড প্রদান। সে সময় অনেক রাজনৈতিক দল এ প্রতিশ্রুতি নিয়ে ব্যঙ্গ-বিদ্রুপ করলেও সরকার ধাপে ধাপে তা বাস্তবায়ন শুরু করেছে। তিনি আরও বলেন, বিভিন্ন ধর্মের ধর্মীয় নেতাদেরও সম্মানী ভাতার আওতায় এনে তাদের কার্ড প্রদান করা হবে। প্রধানমন্ত্রী নির্বাচনের আগে যেসব প্রতিশ্রুতি ২ এর পাতায় দেখুন

মানহানি করতে সাংবাদিকদের নামে বানোয়াট জিডি করার অভিযোগ

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলার মাদক ব্যবসায়ীর তিন সহযোগীকে অর্থের বিনিময়ে ছেড়ে দিয়েছেন পুলিশ উক্ত ঘটনা গুলো দৈনিক জাতীয় গণমাধ্যমে প্রকাশিত হওয়ার পরে আগৈলঝাড়া থানার এস,আই মনির হোসেনকে ক্লোজ করে বরিশাল পুলিশ লাইনে নেওয়া হয়েছে ঘটনার সত্যতা স্বীকার করেছেন আগৈলঝাড়া থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মাসুদ খানসহ সকল উর্ধ্বতন কর্মকর্তা এছাড়াও উক্ত মাদকের ঘটনাকে ২ এর পাতায় দেখুন

ফেসবুকে সমালোচনার পর প্রত্যাহার হচ্ছেন এসপিরা

কীর্তনখোলা ডেস্ক

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে সমালোচনা ও বিতর্কের পর সর্বশেষ মৌলভীবাজারের পুলিশ সুপার (এসপি) রিয়াজুল ইসলামকে প্রত্যাহার করা হয়েছে। নিয়োগ পাওয়ার মাত্র ১০ দিনের মাথায় তাঁকে সরিয়ে পুলিশ সদর দপ্তরে সংযুক্ত করা হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যমে রিয়াজুল ইসলামের বিরুদ্ধে অভিযোগ ওঠে, তিনি ঘুষ দিয়ে এসপি পদে পদায়ন নিয়েছিলেন এবং পরে সেই টাকার বাকি অংশ পরিশোধ করছিলেন না। তবে তিনি কাকে ঘুষ দিয়েছেন বা অভিযোগের সুনির্দিষ্ট কোনো তথ্য প্রকাশ করা হয়নি। ফেসবুকে এ নিয়ে আলোচনা-সমালোচনা শুরু হওয়ার ২ এর পাতায় দেখুন

বরিশালে দিনব্যাপী সাংগঠনিক সফরে অ্যাডভোকেট হেলাল

কীর্তনখোলা রিপোর্ট

কেন্দ্রঘোষিত কর্মসূচির অংশ হিসেবে শনিবার (১৬ মে) বরিশাল জেলা শাখায় দিনব্যাপী সাংগঠনিক সফর করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল এ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল। সাংগঠনিক ও বাইতুলমাল পক্ষ পালন উপলক্ষে এই সফরে তিনি জেলা শাখার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, উপ-কমিটি এবং সংগঠনের বিভিন্ন ইউনিটের সাথে পৃথক মতবিনিময় সভা করেন। এছাড়া সাবেক ২ এর পাতায় দেখুন

বরিশাল প্রেসক্লাবের সাবেক সভাপতি, প্রবীন সাংবাদিক মু. ইসমাইল হোসেন নেগাবান মন্টু এর স্মরণে শোকসভায় বিসিসি প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

মেহেন্দিগঞ্জে জমি ও বসতবাড়ি দখলের অভিযোগ

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

মেহেন্দিগঞ্জ উপজেলার আলীমাবাদ ইউনিয়নের মাঝকাজী বাজারে জমি ও বসতবাড়ি জোরপূর্বক দখলের অভিযোগ এনে প্রতিকার চেয়েছেন ভুক্তভোগী পরিবার। শনিবার দুপুরে মেহেন্দিগঞ্জ প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন সেলিমাবাদ গ্রামের বাসিন্দা শাহীন হাওলাদার ও মুসা হাওলাদারের স্ত্রী সালমা বেগম। লিখিত ২ এর পাতায় দেখুন



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি পদে আলোচনায় কে এই ড. ইলিয়াস

কীর্তনখোলা রিপোর্ট

দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক পদে নতুন নিয়োগকে কেন্দ্র করে যখন জোর আলোচনা চলছে। তখন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর পদের জন্য আলোচনায় উঠে এসেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের বিতর্কিত অধ্যাপক ড. ইলিয়াস সিদ্দিকীর নাম। শিক্ষা অঙ্গনে তাঁর এই সম্ভাব্য নিয়োগ নিয়ে ইতোমধ্যে শুরু হয়েছে নানা বিতর্ক ও সমালোচনা। বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট একাধিক সূত্রের দাবি, আওয়ামীলীগ সরকারের সময় প্রশাসনিক ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

বিনিয়োগের পরিবেশ প্রয়োজন

দেশের অর্থনীতি রীতিমতো বিপর্যস্ত। নতুন বিনিয়োগ নেই বললেই চলে। ফলে নতুন কর্মসংস্থানও সেভাবে হচ্ছে না, অথচ প্রতিনিয়ত বেড়ে চলেছে কর্মক্ষম জনসংখ্যা। চালু শিল্প-কারখানাগুলোও ধুঁকছে। বহু কারখানা এরই মধ্যে বন্ধ হয়ে গেছে। লাখ লাখ শ্রমিক চাকরি হারাচ্ছে। দীর্ঘ সময় ধরে চলা মূল্যস্ফীতি না কমে আরো বাড়ছে। মানুষের প্রকৃত আয় কমে যাচ্ছে। একই সঙ্গে কমছে ভোক্তার চাহিদা। কমছে উৎপাদনও। আর এই সামগ্রিক নেতিবাচকতার প্রভাব পড়ছে দেশের পুঁজিবাজারে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, সামগ্রিক পরিস্থিতিতে বিনিয়োগকারীরা আস্থা হারাচ্ছে। ফলে পুঁজিবাজারে বিরাজ করছে মন্দাভাব। বিশেষজ্ঞরা বলছেন, এই পরিস্থিতি দীর্ঘায়িত হলে পুঁজিবাজার থেকে বিনিয়োগ তুলে নিয়ে যাওয়ার ঝুঁকি বাড়বে। চলতি অর্থবছরের তৃতীয় প্রান্তিকে বিভিন্ন কম্পানির আর্থিক প্রতিবেদন বিশ্লেষণে দেখা গেছে, তালিকাভুক্ত ৫৪টি কম্পানি নতুন করে লোকসানে পড়েছে। 'জেড' ক্যাটাগরিতে অবনমন হওয়া কম্পানির সংখ্যা ১০০ ছাড়িয়েছে, যা বাজারের মোট কম্পানির ২৫ শতাংশ। এমনকি নিরাপদ বিনিয়োগ হিসেবে পরিচিত ব্যাংক খাতও এখন লভ্যাংশ দিতে ব্যর্থ হচ্ছে। এক সময়ের ভালো মৌলভিত্তির কম্পানিও একের পর এক 'জেড' ক্যাটাগরিতে নেমে যাচ্ছে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) সাবেক চেয়ারম্যান ফারুক আহমেদ সিদ্দিকী বলেন, 'দেশের সামষ্টিক অর্থনীতি বর্তমানে এক কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি, যার সরাসরি এবং নেতিবাচক প্রভাব আমরা পুঁজিবাজারে লক্ষ করছি। বেশ কয়েক বছর ধরেই দেশের ব্যবসা-বাণিজ্যে এক ধরনের স্থবিরতা বিরাজ করছে। এর সঙ্গে যুক্ত হয়েছে বৈশ্বিক ও অভ্যন্তরীণ নানা প্রতিকূল ফ্যাক্টর, যা শিল্প উৎপাদন থেকে শুরু করে সাধারণ মানুষের জীবনযাত্রাকে বিপর্যস্ত করে তুলেছে। বিনিয়োগকারীদের আস্থার সংকটে থাকা পুঁজিবাজার মূলত অর্থনীতির আয়না। ফলে সামষ্টিক অর্থনীতির সূচকগুলো যতক্ষণ পর্যন্ত ইতিবাচক ধারায় না ফিরবে, ততক্ষণ বাজার থেকে ভালো কিছু আশা করা কঠিন।' উদ্যোক্তা ও বিশেষজ্ঞরা বলছেন, বৈশ্বিক অস্থিরতার পাশাপাশি অভ্যন্তরীণ অনেক প্রতিকূলতা রয়েছে, যেগুলো মোকাবেলা করে শিল্পপ্রতিষ্ঠানগুলো লাভজনকভাবে চালানো যাচ্ছে না। উৎপাদনমুখীম প্রতিষ্ঠানগুলো জানিয়েছে, এসব চাপের কারণে উৎপাদন ব্যয় উল্লেখযোগ্য হারে বেড়েছে, যা ব্যবসায়িক কার্যক্রমে নেতিবাচক প্রভাব ফেলেছে। উচ্চ সুদহার, মধ্যপ্রাচ্য যুদ্ধ-পরবর্তী জ্বালানিসংকট ও গ্যাসসংকটে ৩০ শতাংশের বেশি কমেছে উৎপাদন। উচ্চ মূল্যস্ফীতির কারণে বাজার চাহিদা কমে যাওয়ায় বিক্রিতেও নেতিবাচক প্রভাব পড়েছে। পুঁজিবাজার বিশ্লেষক ও আইসিবির চেয়ারম্যান অধ্যাপক আবু আহমেদ বলেন, "উচ্চ সুদের হার, উৎপাদন ও চাহিদা কমে যাওয়ার কারণে দেশের বেসরকারি খাতে ব্যবসা-বাণিজ্য বড় ধরনের চাপের মুখে পড়েছে। এর প্রভাব এখন বহুজাতিক কম্পানিগুলোর আর্থিক প্রতিবেদনেও স্পষ্টভাবে দেখা যাচ্ছে। অনেক কম্পানি লোকসানে পড়েছে, আবার অনেককে 'জেড' ক্যাটাগরিতে নামতে হয়েছে। যেসব কম্পানি এখনো প্রবৃদ্ধি ধরে রাখতে পেরেছে, তাদেরও মুনাফা উল্লেখযোগ্যভাবে কমে গেছে।" ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ডিবিএ) সভাপতি সাইফুল ইসলাম বলেন, 'পুঁজিবাজারে সবচেয়ে বেশি লভ্যাংশ প্রদানকারী খাত হচ্ছে ব্যাংক ও লিজিং কম্পানি। কিন্তু বর্তমানে এই দুই খাতই সবচেয়ে বেশি সংকটের মধ্যে রয়েছে।'

বরিশালে দিনব্যাপী সাংগঠনিক

ছাত্রনেতাদের সাথেও পৃথক মতবিনিময় করেন তিনি। এরই অংশ হিসেবে জেলা জামায়াতের আমীর অধ্যাপক মাওলানা আব্দুল জব্বারের সভাপতিত্বে ও সেক্রেটারি অধ্যাপক মাওলানা মাহমুদুন্নবী তালুকদারের সঞ্চালনায় বরিশাল নগরীর একটি মিলনায়তনে জেলা জামায়াতের শুরা ও কর্মপরিষদ সদস্যদের সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মুয়াযযম হোসাইন হেলাল। এ সময় তিনি বলেন, গণভোটের রায় বাস্তবায়নের দাবি পূরণ না হওয়া পর্যন্ত রাজনৈতিক সংস্কৃতি পরিবর্তনের আশা নেই। সরকার যদি এই রায় বাস্তবায়ন করতে টালবাহানা করে সেটি হবে জনগনের ম্যান্ডেটকে অস্বীকার করা। মুক্তিকামী মানুষেরা সেটা কখনেই মেনে নেবে না। জামায়াতে ইসলামীর নির্বাহী পরিষদের এই সদস্য বলেন, জুলাই এই দেশের মানুষকে গণতান্ত্রিক মুক্তির যে পথ দেখিয়েছে, তা থেকে তাদেরকে বিচ্যুৎ করার চেষ্টা যে কোন মূল্যে প্রতিহত করা হবে। সংস্কার নিয়ে কোন নয়-ছয় সহ্য করা হবে না। বক্তৃতায় জেলা জামায়াতের কার্যক্রমকে আরো গতিশীল করতে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন এই কেন্দ্রিয় নেতা। প্রতিটি জনগদে, মহল্লায়, বাড়িতে জামায়াতে ইসলামীর আহ্বান পৌছে দেয়ার তাগিদ দেন তিনি। সভায় আরো উপস্থিত ছিলেন জেলা নায়েবে আমীর মাস্টার আব্দুল মান্নান ও ড. মাহফুজুর রহমান, সহকারী সেক্রেটারি আজিজুর রহমান অলিদ কর্মপরিষদ সদস্য অধ্যাপক আবু মুনিম, অধ্যাপক মাসউদুর রহমান সিকদার, এ্যাড জহির উদ্দিন ইয়ামিন, হাফেজ সাইফুল ইসলাম, অধ্যাপক মোশাররফ হোসাইন, এ্যাড আজম খান, মো নুরুল হক সোহরাব, অধ্যাপক সাইফুল ইসলাম , মো সাইফুর রহমান প্রমুখ। এছাড়াও জেলার বিভিন্ন উপজেলা জামায়াতে ইসলামীর আমির ও সেক্রেটারিগণ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

ফেসবুকে সমালোচনার পর

দুই দিনের মাথায় তাঁকে প্রত্যাহার করা হয়। পুলিশ সদর দপ্তর-সংশ্লিষ্ট সূত্র জানায়, ৫ মে দেশের ১২ জেলায় নতুন পুলিশ সুপার পদায়ন করা হয়েছিল। ওই পদায়নের পর সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন কর্মকর্তাকে নিয়ে আলোচনা-সমালোচনা শুরু হয়। এরই মধ্যে তিন কর্মকর্তাকে প্রত্যাহার করা হয়েছে। মৌলভীবাজারের আগে একইভাবে সরানো হয় পঞ্চগড় ও ফেনীর এসপিকেও। উল্লেখ্য, ৫ মে দেশের ১২টি জেলায় পুলিশ সুপার পদে রদবদল করা হয়েছিল। ওই আদেশে মাহবুব আলম খানকে ফেনীর এসপি হিসেবে পদায়ন করা হয়। তবে তাঁর পদায়নের পর থেকে সামাজিক যোগাযোগমাধ্যম ও গণমাধ্যমে অতীত কর্মকাণ্ড নিয়ে ব্যাপক সমালোচনা শুরু হয়। অভিযোগ ওঠে, তিনি দুটি হত্যা মামলার আসামি থাকা অবস্থায় ফেনীর এসপি হিসেবে নিয়োগ পেয়েছেন। এই ঘটনায় ৭ মে হাইকোর্টে একটি রিট করা হয়। রিটে তাঁর নিয়োগ বাতিল, সাময়িক বরখাস্ত ও পুরো বিষয়টির নিরপেক্ষ তদন্তের নির্দেশনা চাওয়া হয়। সুপ্রিম কোর্টের আপিল বিভাগের আইনজীবী ও ন্যাশনাল লইয়ার্স কাউন্সিলের চেয়ারম্যান এস এম জুলফিকার আলী জুনু জনস্বার্থে রিটটি করেন। ফেনী ও পঞ্চগড়ের আলোচিত দুই এসপি প্রত্যাহারফেনী ও পঞ্চগড়ের আলোচিত দুই এসপি প্রত্যাহার এদিকে পঞ্চগড়ের এসপি মিজানুর রহমানকে অসদাচরণ ও দুর্নীতিপরায়ণ আচরণের অভিযোগে অতীতে সরকার তাঁকে একবার শাস্তি দিয়েছিল। ২০২২ সালের ৩০ অক্টোবর সরকারের জননিরাপত্তা বিভাগের এক প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁকে বিভাগীয় শাস্তি দেওয়া হয়। শাস্তি হিসেবে তাঁর এক বছরের বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করা হয়েছিল। এই কর্মকর্তাকে আবার পঞ্চগড় জেলার পুলিশ সুপার (এসপি) করা নিয়ে প্রশ্ন ওঠে। মিজানুর রহমান বিসিএস পুলিশের ২৫তম ব্যাচের কর্মকর্তা। তাঁর বাড়ি বরিশাল জেলায়। পঞ্চগড়ে যোগদানের আগে তিনি ঢাকায় স্পেশাল সিকিউরিটি অ্যান্ড প্রটেকশন ব্যাটালিয়ন-১-এ সহ-অধিনায়ক (পুলিশ সুপার) হিসেবে দায়িত্ব পালন করছিলেন। সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনা-সমালোচনার পর ১১ মে তাঁদের প্রত্যাহার করা হয়। এর পরপরই ১৩ মে মৌলভীবাজারের এসপি রিয়াজুল ইসলামকে নিয়ে আলোচনা শুরু হয়। অভিযোগ ওঠে, তিনি ঘুষ দিয়ে পদায়ন নিলেও বাকি টাকা পরিশোধ করছিলেন না। এর মধ্যেই গতকাল শুক্রবার সরকারি ছুটির দিনে পুলিশ সদর দপ্তর থেকে তাঁকে প্রত্যাহারের আদেশ জারি করা হয়। পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরের সই করা ওই আদেশে বলা হয়, 'আপনি মৌলভীবাজার জেলার পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তার কাছে দায়িত্বভার অর্পণ করে ১৬ মে শনিবার পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকায় রিপোর্ট করবেন।' তবে ওই আদেশে প্রত্যাহারের কারণ উল্লেখ করা হয়নি। এ বিষয়ে বক্তব্য জানতে এসপি রিয়াজুল ইসলামের সঙ্গে ফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি সাড়া দেননি। বিষয়টি নিয়ে পুলিশ সদর দপ্তরে যোগাযোগ করা হলে আনুষ্ঠানিকভাবে কেউ মন্তব্য করতে চাননি। তবে নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন ঊর্ধ্বতন কর্মকর্তা বলেন, যথাযথ যাচাই-বাছাই ছাড়া এভাবে জেলা পুলিশ সুপার পদে নিয়োগ দেওয়া ঠিক হয়নি। এতে পুরো বিষয়টি বিতর্কিত হয়ে ওঠে। তাঁদের মতে, নিয়োগের আগে কর্মকর্তাদের অতীত কর্মকাণ্ড ও অভিযোগ সম্পর্কে আরও বিস্তারিত খোঁজ নেওয়া প্রয়োজন ছিল। তবে বদলিতে অর্থ লেনদেনের অভিযোগের বিষয়ে প্রশ্ন করা হলে কোনো কর্মকর্তাই প্রকাশ্যে মন্তব্য করতে রাজি হননি। পুলিশের কর্মকর্তারা বলছেন, সাম্প্রতিক এসব ঘটনায় বিগত সরকারের সময়ে বিভিন্ন জেলায় দায়িত্ব পালন করা অনেক পুলিশ কর্মকর্তার মধ্যেও অস্বস্তি ও আতঙ্ক তৈরি হয়েছে।

বরিশাল রেঞ্জ ডিআইজির সঙ্গে

বার্তা পত্রিকার প্রকাশক ও সম্পাদক এম লোকমান হোসাইন, সহ-সভাপতি ও দৈনিক আলোকিত বরিশাল এর প্রকাশক ও সম্পাদক আলাল মিয়া, সহ-সভাপতি ও দৈনিক দেশ জনপদ এর প্রকাশক ও সম্পাদক মীর্জা রিমন, যুগ্ম সাধারণ সম্পাদক ও দৈনিক দক্ষিণের কাগজ এর সম্পাদক এম সালাউদ্দিন, প্রচার সম্পাদক ও দৈনিক সত্য সংবাদ এর সম্পাদক মো. রাকিবুল হাছান (ফয়সাল), নির্বাহী সদস্য ও ভোরের অঙ্গীকার এর প্রকাশক ও সম্পাদক মাহফুজুর রহমান খান, নির্বাহী সদস্য ও দৈনিক দক্ষিণবঙ্গ এর প্রকাশক ও সম্পাদক আবদুল হালিম মামুন, কোষাধ্যক্ষ ও দৈনিক বরিশালের কাগজ এর নুরুজ্জামানসহ পরিষদের অন্যান্য নেতৃবৃন্দ। মতবিনিময় সভায় ডিআইজি মোস্তাফিজুর রহমান আসন্ন ঈদুল আজহা উপলক্ষে সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও শান্তিপূর্ণ রাখতে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন। বিশেষ করে জননিরাপত্তা নিশ্চিতকরণ, যানজট নিরসন, কোরবানির পশু পরিবহনে চাদাবাজী রোধ, নগরীর নিরাপত্তা ব্যবস্থা, চুরি-ছিনতাই প্রতিরোধ এবং মাদক নির্মূলে করণীয় বিষয় গুরুত্ব পায় আলোচনায়। এ সময় ডিআইজি মো. মোস্তাফিজুর রহমান সাংবাদিক ও প্রকাশকদের সঙ্গে সমন্বয় রেখে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, সমাজে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পুলিশ ও গণমাধ্যম একসঙ্গে কাজ করলে জনসচেতনতা বৃদ্ধি এবং অপরাধ নিয়ন্ত্রণ আরও কার্যকর হবে। সভায় উপস্থিত প্রকাশক ও সম্পাদকরাও বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের মাধ্যমে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সহযোগিতার আশ্বাস দেন।

বরিশালে সমন্বিত পরিচ্ছন্নতা

তিনি বলেন, অস্বাস্থ্যকর পরিবেশ দূর করে জনস্বাস্থ্য ঝুঁকি কমানো এবং একটি টেকসই পরিচ্ছন্ন নগর গড়ে তোলাই এ উদ্যোগের মূল লক্ষ্য। সাধারণ জনগণের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে একটি পরিচ্ছন্ন, নিরাপদ ও স্বাস্থ্যসম্মত নগরী গড়ে তোলা সম্ভব। তিনি বলেন, বর্জ্য ব্যবস্থাপনায় শৃঙ্খলা ফিরিয়ে আনতে আধুনিক বর্জ্য ব্যবস্থাপনায় মনোযোগ দিতে হবে। মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে না পারলে সুরক্ষিত জনস্বাস্থ্য নিশ্চিত করা সম্ভব নয় বলেও তিনি উল্লেখ করেন। বিশেষ সহকারী ড. এস এম জিয়াউদ্দিন হায়দারের নেতৃত্বে জেলা প্রশাসক মো. খায়রুল আলম সুমনসহ যুব উদ্যোক্তা ফোরামের প্রতিনিধি, কর্মী এবং সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মীবৃন্দ পরিচ্ছন্নতা অভিযানে অংশ নেন। অভিযান শেষে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী শহীদ মিনার প্রাঙ্গণে গাছের চারা রোপণ করেন।

ভারতের দালালদের হাত-পা

সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে কর্নেল অলি বলেন, 'বিদেশি দালালদের কারণে আমরা গত ১৯ বছর অনেক কষ্ট পেয়েছি। এই দালালদের চিহ্নিত করতে হবে। তাদের হাত-পা ভেঙে দিয়ে পুলিশে সোপর্দ করতে হবে।' অলি আহমদ বলেন, 'এখানে দেখতে হবে শুভেন্দুর কোনো ফলোয়ার আছে কি না। এই গরুটা ক্ষমতায় আসার পরে বাংলাদেশের বিরুদ্ধে হুমকি দিচ্ছে যুদ্ধ ঘোষণা করব, বাংলাদেশ দখল করে নেব। এটা কি তোমার বাপের দেশ, তুমি দখল করে নিবা? আর আমরা যদি বলি আসাম, ত্রিপুরা, মেঘালয়, সেভেন সিস্টার্স সব দখল করে নেব, তখন কী বলবা? আমরা তো সেটা বলছি না। আমরা বলি, আমাদেরকে শান্তিতে থাকতে দাও। তুমি তোমার ঘরে শান্তিতে থাকো। তোমার ব্যাপারে আমরা কোনো হস্তক্ষেপ করব না, এটা তোমাদের অভ্যন্তরীণ ব্যাপার। কিন্তু তোমরা প্রতিনিয়ত আমাদের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করে যাচ্ছ।' অলি আহমদ আরও বলেন, 'বাংলাদেশকে অশান্ত করার ব্যাপারে ভারত এখন নতুন পদক্ষেপ নিয়েছে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময় কাদের সিদ্দিকীসহ আওয়ামী লীগের অসংখ্য নেতা-কর্মী ভারতে আশ্রয় নিয়ে ব্রাহ্মণবাড়িয়া থেকে ময়মনসিংহ পর্যন্ত বর্ডার অস্থিতিশীল করেছিল। এটাকে ঠিক করতে আমাদের অনেক কষ্ট হয়েছে। তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী খুব ভালো লোক ছিলেন। ভদ্রলোক ছিলেন। উনি এই সমস্যা নিজেই সমাধান করেছিলেন। কিন্তু এখন ভালো লোক, ভদ্রলোক ভারতের ক্ষমতায় নেই। মুসলমানদের নামাজ পড়তে দিচ্ছে না। মসজিদ ভেঙে দিচ্ছে। ঘরবাড়ি জ্বালিয়ে দিচ্ছে। আমাদের দেশে তো কোনো ঘটনা ঘটে না। কারণ, আমরা আমার নবীর উম্মত। আল্লাহর বিধান আমরা মেনে চলি।'

'শেখ হাসিনাকে নিয়ে আসব

ঝুলাবো। অসংখ্য মানুষকে বাংলাদেশে ফাঁসির কাষ্টে ঝুলিয়েছিল, আমরা তাদের বিচার করব ইনশাআল্লাহ। শনিবার (১৬ মে) বিকেলে রাজশাহীর ঐতিহাসিক মাদরাসা ময়দানের সমাবেশে তিনি এসব কথা বলেন।

ভালোর পক্ষে পানির মতো

পক্ষে সবসময় পানির মতো তরল থাকবো, কিন্তু অন্যায় দেখলে ইস্পাতের মতো কঠিন হবো। শনিবার (১৬ মে) বিকেল সাড়ে ৪টায় রাজশাহীর মাদরাসা মাঠে গণভোটের রায় বাস্তবায়ন, জনদুর্ভোগ লাঘব ও পদ্মা নদীর পানির ন্যায্য হিস্যার দাবিতে ১১ দলীয় ঐক্যজোট আয়োজিত সমাবেশে তিনি এ কথা বলেন। বিএনপিকে উদ্দেশ্য করে ডা. শফিকুর রহমান বলেন, যাদের ত্যাগ ও আত্মদানের ফলে দেশে একটি জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হয়েছে, তাদের প্রতি কৃতজ্ঞ থাকা উচিত।

দেশের স্বার্থ নষ্ট হয় এমন

মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (১৬ মে) ফারাক্কা লং মার্চ দিবস উপলক্ষে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বিএনপি আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, 'ভারতের সঙ্গে বাংলাদেশের সুসম্পর্ক বজায় থাকবে কি না তা ফারাক্কা চুক্তি সম্পাদনের মধ্য দিয়েই নির্ভর করবে। বাংলাদেশের স্বার্থ সবার আগে দেখবে সরকার, ইনশাআল্লাহ।' বিএনপি মহাসচিব বলেন, চলতি বছর চুক্তি শেষে ফারাক্কা চুক্তি নবায়নে ভারতকে এগিয়ে আসতে হবে। তবে বাংলাদেশের স্বার্থ রক্ষা করেই ফারাক্কা ব্যারাজ চুক্তি নবায়ন করা হবে।

উন্নয়নের নামে দেশের মানুষের

লক্ষ-কোটি অর্থ বিদেশে পাচার করে দেওয়া হয়েছিল। এই দেশের মানুষের সম্পদ বিদেশে পাচার করে দেশকে অর্থনৈতিকভাবে ফোকলা করে দেওয়া হয়েছিল। আমরা দেখেছি কীভাবে প্রশাসনকে রাজনীতিকীকরণের মাধ্যমে প্রশাসনের যে দক্ষতা, সেই দক্ষতাকে নষ্ট করে ফেলা হয়েছিল। আমরা দেখেছি দেশের চিকিৎসা ব্যবস্থা ধ্বংস করে দেওয়া হয়েছিল আরেকটি দেশের চিকিৎসার সুবিধার জন্য। আমরা দেখেছি উন্নয়নের নামে এই দেশের মানুষের অর্থ তছরুপ করা হয়েছে। শনিবার (১৬ মে) বিকেল ৫টার দিকে চাঁদপুর সদরের বিশ্বখাল পুনঃখননের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

মেহেন্দিগঞ্জে জমি ও বসতবাড়ি

বক্তব্যে তারা জানান, ২০২১ সালে ১১শতাংশ জমি ২৫ লাখ টাকায় কিনে সেখানে ঘর তুলে বসবাস করে আসছিলেন। গত ৬ আগস্ট আবুল খায়ের মৃধা, শাহেদ মৃধা, বাহাদুর মৃধা, মুন্না মৃধা, শাহাবুদ্দিন মৃধা ও শান্ত মৃধা তাদের লোকজন নিয়ে মারধর করে বাড়ি থেকে বের করে দিয়ে জমি ও দোকান ঘর দখল করে নেন। ভুক্তভোগীদের অভিযোগ, স্থানীয়ভাবে বিচার না পেয়ে বাধ্য হয়ে সংবাদ সম্মেলন করেছেন। দখলকারীরা হুমকি-ধমকি দিচ্ছেন। তাদের ভয়ে পরিবারটি পালিয়ে বেড়াচ্ছে। দখলকৃত সম্পত্তির মূল্য প্রায় কোটি টাকা বলে দাবি করেন তারা। এ বিষয়ে আলীমাবাদ ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো. মাহাবুব ভূইয়া বলেন, দখলের ঘটনা সত্য। আমরা এ ধরনের কর্মকাণ্ড সমর্থন করি না। আলীমাবাদ ইউনিয়ন যুবদলের সভাপতি মাইন উদ্দীন মৃধা বলেন, "দখলকারী আমার ভাই হলেও আমি অন্যায়ের পক্ষে নেই। যুবদল নেতা আসাদ আকন বলেন, "তারা বিএনপির নাম ভাঙিয়ে দখল করেছে। পুলিশ ডাকলেও সাড়া দেয়নি।" উল্লেখ্য, অভিযুক্ত শাহাবুদ্দিন মৃধাকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। ভুক্তভোগীরা প্রতিমন্ত্রী রাজিব আহসান ও প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।

ফ্যামিলি কার্ডের টাকায় নারীর

দিয়েছিলেন, এই কর্মসূচি তারই বাস্তব প্রতিফলন। গৌরনদী উপজেলাকে এ প্রকল্পের অন্তর্ভুক্ত করায় প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তথ্যমন্ত্রী জানান, এ পর্যন্ত সারাদেশে প্রায় ৩৭ হাজার সুবিধাভোগী এ কর্মসূচির আওতায় এসেছেন। এর মধ্যে গৌরনদী উপজেলার সরিকল ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডও রয়েছে। পর্যায়ক্রমে গৌরনদী ও আগৈলঝাড়া উপজেলার ১২টি ইউনিয়ন এবং গৌরনদী পৌরসভার ৯টি ওয়ার্ডে এ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। গৌরনদী উপজেলা প্রশাসন ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে অনুষ্ঠানে জেলা প্রশাসক খায়রুল আলম সুমনের সভাপতিত্বে বক্তব্য দেন বিভাগীয় কমিশনার খলিল আহমেদ, বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের পরিচালক শাহ মো. রফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আবু ছালেহ মো. আনছার উদ্দিন, গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিক হাসান রাসেলসহ স্থানীয় প্রশাসন ও রাজনৈতিক নেতারা। অনুষ্ঠান শেষে গৌরনদী উপজেলার সরিকল ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের ৬১৩টি পরিবারের মধ্যে ফ্যামিলি কার্ড বিতরণ করা হয়।

মানহানি করতে সাংবাদিকদের

আড়াল করার লক্ষ্যে একশ্রেণীর কুচক্রমহল উঠে পড়ে লেগেছে এর এই ধারাবাহিকতায় রত্নপুর ইউনিয়নের বারপাইকা গ্রামের রিন্টু মোল্লার ছেলে মাদক ব্যবসায়ী শিবলী আহমেদ সহ তার তিন সহযোগী নাঈম মোল্লা, সাব্বির শাহ, জিহাদ সরদার কে সহ ৯ মে রাতে বারপাইকা স্টিল ব্রিজের উপর থেকে ধাওয়া করে দুই পিছ ইয়াবা সহ গ্রেফতার করে এস আই মনির হোসেন ও (১০) মে সকালে একজনকে মাদক মামলা দিয়ে বরিশালে আদালতে প্রেরণ করেন উক্ত ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তোলপাড় সৃষ্টি হয়েছে সাধারণ সুশীল সমাজবাসী জানান ধরে নিল কয়জন চালান হলো একজন তবে এ নাটক বন্ধের লক্ষ্যে উপজেলায় বিভিন্ন জায়গায় প্রতিবাদ সভা হয়েছে এছাড়াও উক্ত এলাকা ঘুরে জানা যায় যে জিহাদ সরদার ছোটবেলা থেকেই অপরাধের সাথে জড়িয়ে পড়েছে এমনকি তার এলাকার মেয়েলি একটি ঘটনায় তিন মাস জেল কারা ভোগ করেছেন বর্তমানে এক শ্রেণীর কুচক্রী মহল ফায়দা লোটার জন্য মাদক ব্যবসায়ীর পক্ষ নিয়ে প্রতিপক্ষকে পরামর্শ দিয়ে আগৈলঝাড়া থানায় একটি মিথ্যা ভিত্তিহীন ও বানোয়াট জি ডি করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। তবে যিনি জিডি করেছেন সে নিজেই সাংবাদিকদের কাছে ব্যাখ্যা দিয়ে বলেন আমি নিজেকে রক্ষার লক্ষ্যে উক্ত জিডি করা হয়েছে তবে প্রেসক্লাবের সহ-সভাপতি এইচ এম মাসুম ও সাধারণ সম্পাদক এফএম নাজমুল রিপন এদের নামে এক শ্রেণীর কুচক্রী মহলের কারণে জিডি করা হয়েছে তবে মাসুম হাওলাদার উক্ত বিষয়ে জড়িত না একথা স্বীকার পেয়েছেন জিডিই মালিক এছাড়া ও রত্নপুর ইউনিয়নের করিম বাজারের ব্যবসায়ীরা জানান বিভিন্নভাবে মাদক নাটকীয় কায়দায় আমাদের এলাকায় রফা দফা হয় যাহা কেহ দেইখাও দেখেন না মাদকসহ ধরা পড়লে কেউ হন স্টুডেন্ট আবার কেউ হন ব্যবসায়ী আবার কেউ হন রাজনৈতিক নেতা এভাবে কৌশল অবলম্বন করে অপরাধীরা পার পেয়ে যাচ্ছেন ব্যবসায়ী হুমায়ুন ফকির জানান সাংবাদিক ভাইয়েরা সত্যি ঘটনা তুলে ধরার কারণে তাদের নামে মিথ্যা জিডি করেছেন তবে মিথ্যা ও ভিত্তিহীন জিডির জোড় প্রতিবাদ জানাই এবং দোষী ব্যক্তিদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি এবং মিথ্যা জিডি প্রত্যাহার করা না হলে সুশীল সমাজবাসী ও সকল সাংবাদিক বিন্দু কঠোর আন্দোলনের হুঁশিয়ারী সংকেত কারণ মাদক কারবারিদের বিরুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানের ও তথ্য সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন এর জিরো টলারেন্স ঘোষণা করা হয়েছে এমনকি মাদক ব্যবসায়ীদের পক্ষে যদি দলীয় কোন নেতাকর্মীরা সুপারিশের লক্ষে যান তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নিবেন বলে হুশিয়ারি দিয়েছেন

পাশাপাশি কবরে শায়িত

কাড়াল বাড়ির উঠানে এসে থামে। অ্যাম্বুলেন্সের দরজা খুলে যখন একে একে চারটি সাদা কফিন বের করা হচ্ছিল, তখন স্বজনদের আহাজারিতে বাতাস ভারী হয়ে ওঠে। এরপর সকাল ১০টায় জানাজা শেষে কামাল মিয়ার কবরের পাশেই চিরনিদ্রায় শায়িত করা হয় তার স্ত্রী ও সন্তানদের। তাদের জানাজায় বাউফলের সংসদ সদস্য ও জামায়াতের ঢাকা মহানগর দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদসহ শত শত মুসল্লি উপস্থিত ছিলেন। কালাম মিয়ার চাচাতো ভাই সোহাগ বলেন, প্রায় ২০ থেকে ২২ বছর আগে কামাল বাড়ি ছেড়ে ঢাকায় গিয়ে উজিরপুরে বিয়ে করেছিল। কত কষ্ট করে ফতুল্লার ব্যবসাটা দাঁড় করাল। মাত্র ২০-২৫ দিন আগেও ঢাকায় ওর সঙ্গে আমার দেখা হয়েছিল। ভাবতেই পারছি না, ভাই-ভাবি আর পুলাপাইনডি এভাবে আমাদের ছেড়ে এক্কেরে চলে যাবে। কালাম মিয়ার বোন রাসেদা বেগম বলেন, ঈদের আগে ভাইয়ের সঙ্গে শেষ দেখা হয়েছিল। বাড়িতে ভাইয়েরা মিলে একটা নতুন বিল্ডিংয়ের কাজ ধরছিল। ভাই বলছিল 'এবার কোরবানির ঈদে বাড়ি আইসা ঘরের কাজ শেষ করমু, বাকি জীবনটা স্ত্রী-সন্তান নিয়া দেশের বাড়িতেই থাকমু।' ভাই আমার বাড়ি ফিরল, কিন্তু লাশ হয়া। এদিকে এই মর্মান্তিক ট্র্যাজেডির পেছনে ভবন কর্তৃপক্ষের চরম গাফিলতির অভিযোগ তুলেছেন এক স্বজন। তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, বাসার গ্যাসের পাইপ লিকেজ হওয়ার বিষয়টি কালাম মিয়া আগের দিনই ভবনের দারোয়ানকে জানিয়েছিলেন। কিন্তু দারোয়ান অলসতা করে বাড়ির মালিককে বিষয়টি জানায়নি। যদি সময়মতো ব্যবস্থা নেওয়া হতো, তবে আজ একটি পুরো পরিবার এভাবে শেষ হয়ে যেত না। গ্যাসের আগুনে দগ্ধ হয়ে একই পরিবারের ৫ জনের এমন নির্মম ও হৃদয়বিদারক মৃত্যুর ঘটনায় গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন বাউফলের সংসদ সদস্য ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ। পাশাপাশি তার পক্ষ থেকে নিহতদের লাশ পরিবহন ও দাফন সম্পন্ন করার যাবতীয় ব্যবস্থা করা হয়।

শিশুদের মোবাইল আসক্তি

তাদের শুধু বইয়ের মধ্যে সীমাবদ্ধ রাখলে হবে না, খেলাধুলা, সংস্কৃতি ও নৈতিক শিক্ষার মধ্য দিয়েও গড়ে তুলতে হবে। বর্তমান সরকার শিশুদের সার্বিক ও মানবিক বিকাশে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে। এর মধ্যে খেলাধুলাকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী নিজেও চান তরুণরা খেলাধুলাকে পেশা হিসেবে গ্রহণ করুক। ড. জিয়াউদ্দিন হায়দার আরও বলেন, বর্তমান সংসদে এমন অনেক ব্যক্তি রয়েছেন যারা ক্রীড়াঙ্গনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। একজন মাননীয় স্পিকার মেজর হাফিজ উদ্দিন আহমেদ এবং অন্যজন মাননীয় ক্রীড়া প্রতিমন্ত্রী মো. আমিনুল হক ক্রীড়া অঙ্গনে অবদান রেখে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছেন। তোমাদের মধ্য থেকেও ভবিষ্যতে দেশকে নেতৃত্ব দেওয়ার মতো মানুষ তৈরি হবে। অনুষ্ঠানে তিনি আনুষ্ঠানিকভাবে 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬'-এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। পরে বরিশাল বিভাগের বিভিন্ন জেলার অংশগ্রহণকারী শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাড. বিলকিস জাহান শিরিন, বরিশাল রেঞ্জের ডিআইজি মো. মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার আহসান হাবিব, বরিশালের জেলা প্রশাসক মো. খাইরুল আলম সুমন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. ওবায়দুল্লাহ, অতিরিক্ত জেলা প্রশাসক উপমা ফারিসা এবং বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল বিভাগের বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ। সঞ্চালনা করেন মো. সাইদুল ইসলাম। অনুষ্ঠানে প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা, ক্রীড়া সংগঠক, বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্ব, শিক্ষক, অভিভাবক, গণমাধ্যমকর্মীসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। বিভাগের বিভিন্ন জেলা থেকে আগত শিক্ষার্থীদের প্রাণবন্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী জিয়াউদ্দীন হায়দার একটি সামাজিক সংগঠনের বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন ও বরিশাল শের- ই - বাংলা মেডিকেল কলেজের হামে আক্রান্ত শিশুদের সার্বিক অবস্থা পরিদর্শন করেন।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের

বলয়ে ঘনিষ্ঠতা তৈরি করে প্রভাব বিস্তার করেছিলেন ড. ইলিয়াস সিদ্দিকী। "ইসলাম ও মানবতার সেবায় বঙ্গবন্ধু" বই প্রকাশের পর তাঁকে ক্ষমতাসীন রাজনৈতিক বলয়ের আস্থাভাজন হিসেবে দেখা হয়। সমালোচকদের মতে, সেই সময় শিক্ষক নিয়োগ, প্রশাসনিক রদবদল এবং বিভিন্ন সিদ্ধান্তে তাঁর প্রভাব ছিল দৃশ্যমান। তবে রাজনৈতিক পটপরিবর্তনের পর আবারও সক্রিয় হয়ে উঠেছেন তিনি। সংশ্লিষ্ট মহলের দাবি, বর্তমানে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি পদ পেতে বিভিন্ন পর্যায়ে যোগাযোগ, তদবির ও সরকারের উচ্চ পর্যায়ে লভিং চালাচ্ছেন ড. ইলিয়াস সিদ্দিকী। অতীতে আওয়ামী লীগ সরকার আমলে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সম্পৃক্ত দায়িত্ব পালনকালে তাঁর বিরুদ্ধে নিয়োগ বাণিজ্য ও প্রশাসনিক অনিয়মের অভিযোগও বিভিন্ন মহলে আলোচিত হয়েছিল বলে জানা যায়। যদিও এসব অভিযোগের বিষয়ে আনুষ্ঠানিকভাবে কোনো তদন্ত প্রতিবেদন প্রকাশ হয়নি। এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য শিরিন আক্তার এর একটি সুপারিশপত্র ঘিরেও নতুন আলোচনা তৈরি হয়েছে। ওই চিঠিতে ড. ইলিয়াস সিদ্দিকীকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগের সুপারিশ করা হয়েছিল। চিঠি হুবহু অংশ এভাবে - প্রফেসর ড. মোহাম্মদ ইলিয়াস সিদ্দিকী, পিতা- হাফেজ আহমদ, মাতা- গোল বাহার গ্রাম- তেওয়ারী খীল, ডাক- পদুয়া, থানা- লোহাগড়া, জেলা- চট্টগ্রাম আমার বিশেষ পরিচিত। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একজন অভিজ্ঞ অধ্যাপক এবং ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান। ইতিপূর্বে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শাহ আমানত হলের সিনিয়র হাউস টিউটর (প্রভোস্ট, ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করেন। একাধারে তিনি একজন গবেষক, চিন্তাবিদ, সুলেখক এবং দক্ষ প্রশাসক হিসেবে সকলের নিকট পরিচিত। তিনি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হওয়ার পর ২০১৫ সালে (ডেপুটেশনে) ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ে পরিদর্শক পদে নিয়েগ দেন। তাথায় ২০১৫-২০১৯ পর্যন্ত স্বীয় যোগ্যতায় প্রতিষ্ঠাকালীন পরিদর্শক, পরীক্ষা নিয়ন্ত্রক, ডীন,ভাইস চ্যান্সেলর (চলতি দায়িত্ব) সিন্ডিকেট সদস্য, একাডেমিক কাউন্সিলের সদস্য, বোর্ড অব এডভান্স স্টাডিজের সদস্য, অর্থ কমিটির সদস্য, পরিকল্পনা ও উন্নয়ন কমিটির সদস্য, অধিভুক্তি কমিটির সদস্য এবং বিভিন্ন প্রশাসনিক দায়িত্ব সততা ও দক্ষতার সাথে পালন করেন। তিনি ২৮৭ পৃষ্ঠা সম্বলিত "ইসলাম ও মানবতার সেবায় বঙ্গবন্ধু " বইটি লিখেছেন বলেও চিঠিতে উল্লেখ করেন। তাকে ইসলামে আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ দেওয়ার জন্য জোর সুপারিশ করেন। উল্লেখ্য, প্রফেসর ড. ইলিয়াস সিদ্দিকী রচিত ইসলাম ও মানবতার সেবায় বঙ্গবন্ধু বইটির মুখবন্ধে তৎকালীন আওয়ামীলীগ সরকারের শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর উপাচার্য শিরিন আক্তার-এর অভিমত থেকে প্রতীয়মান হয় যে, তিনি আওয়ামীলীগ সরকারের অত্যন্ত আস্থাভাজন ও বিশ্বস্ত বুদ্ধিজীবী। বিশ্লেষকদের মতে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মতো গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে প্রশাসনিক নিয়োগে একাডেমিক যোগ্যতা, স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতাকে প্রাধান্য দেওয়া জরুরি। অন্যথায় উচ্চশিক্ষা ব্যবস্থায় নতুন করে বিতর্ক ও আস্থাহীনতা তৈরি হতে পারে।

খাল পুনঃখনন উদ্বোধনকালে শহীদ

উপস্থিত ছিলেন সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাউফল উপজেলা নির্বাহী কর্মকর্তা সালেহ আহমেদ। প্রধান অতিথির বক্তব্যে এমপি মাসুদ বলেন, 'ধান, নদী ও খাল-এই তিনের সমন্বয়েই গড়ে উঠেছে বরিশাল অঞ্চল। একইভাবে বাউফলের জীবন-জীবিকাও খালের সঙ্গে গভীরভাবে জড়িত। খাল বাঁচলে কৃষি বাঁচবে, কৃষক বাঁচবে।' তিনি বলেন, 'আমরা গর্বিত যে আমাদের পূর্বপুরুষরা কৃষক ছিলেন। কৃষিকে টিকিয়ে রাখতে খাল পুনঃখননের বিকল্প নেই। নির্বাচনের আগে জনগণ আমাকে খাল পুনঃখননের দাবি জানিয়েছিলেন। আজ আমরা সেই উদ্যোগ বাস্তবায়ন শুরু করছি।' এ সময় তিনি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের উন্নয়ন কর্মকাণ্ডের প্রসঙ্গ তুলে ধরে বলেন, 'জিয়াউর রহমানও বাউফলে খাল পুনঃখননের উদ্যোগ নিয়েছিলেন। তাই এই প্রকল্পকে দলীয় দৃষ্টিভঙ্গিতে না দেখে জনকল্যাণমূলক উদ্যোগ হিসেবে মূল্যায়ন করা উচিত। কারণ, এ খাল থেকে সব শ্রেণি-পেশার মানুষ উপকৃত হবেন।' খাল পুনঃখনন কাজে স্বচ্ছতা নিশ্চিত করার বিষয়ে কঠোর অবস্থানের কথা জানিয়ে এমপি বলেন, 'যারা এ কাজে দায়িত্ব পালন করবেন, তাদের কোনো ধরনের দুর্নীতির সুযোগ দেয়া হবে না। আমরা চাই না সরকার বা সংশ্লিষ্ট কেউ প্রশ্নবিদ্ধ হোক।' তিনি আরও জানান, খাল পুনঃখনন কার্যক্রম তদারকির জন্য ইউনিয়নের প্যানেল চেয়ারম্যানসহ চার সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। পাশাপাশি ইউএনও ও জেলা প্রশাসনের কর্মকর্তারা নিয়মিত মনিটরিং করবেন। ড. মাসুদ বলেন, 'বগা সেতুসহ যেসব উন্নয়ন প্রতিশ্রুতি দেয়া হয়েছে, সেগুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। প্রাথমিকভাবে তিনটি ইউনিয়নে খাল পুনঃখনন শুরু হচ্ছে। পরে অন্যান্য ইউনিয়নেও এ কার্যক্রম সম্প্রসারণ করা হবে।' অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) সোহাগ মিলু, বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) সিরাজুল ইসলামসহ স্থানীয় প্রশাসনের কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিরা।

কাউখালীতে মাদক ব্যবসায়ী

হয়। পরে তার দেহ তল্লাশি করে ২০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। অপরদিকে, শনিবার (১৬ মে) সকালে কাউখালী থানার পিএসআই মেহেদী হাসানের নেতৃত্বে আরেকটি বিশেষ অভিযানে পারসাতুরিয়া গ্রামের কালু সরদারের ছেলে ও এলাকার চিহ্নিত পেশাদার চোর আসাদুল সরদার (৪২)কে গ্রেপ্তার করা হয়। এ বিষয়ে কাউখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ ইয়াকুব হোসাইন জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে থানায় পৃথক মামলা দায়ের করা হয়েছে। পরে তাদের পিরোজপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

পিরোজপুরে ভয়াবহ অগ্নিকাণ্ডে

ক্ষতিগ্রস্তদের তালিকায় রয়েছেন তারেক, কবির, শাহাবুদ্দিন, রফিক, বশির, জাহিরুল, মাসুম, আলম, ফজলুল হক (সুতার দোকান), ফয়সাল (ক্রোকারিজ), সুজন (হার্ডওয়্যার), মিরাজ (পানের দোকান), শান্তি (সেলুন), শাকিল (মুদি দোকান), আজিজুল হক এবং ফজলু (প্লাস্টিকের দোকান)। অগ্নিকাণ্ডে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে সার ও কীটনাশকের ব্যবসাপ্রতিষ্ঠানগুলো। মিতালী ট্রেডার্সের স্বত্বাধিকারী মাইদুল ইসলাম লিপু জানান, তার প্রতিষ্ঠানের ক্ষয়ক্ষতির পরিমাণ ১ কোটি টাকারও বেশি। ব্যবসায়ী শিপন জানান, তার প্রায় ২০ লাখ টাকার মালামাল আগুনে পুড়ে ছাই হয়ে গেছে। বারবার অগ্নিকাণ্ডে বাড়ছে আতঙ্ক ও অনিশ্চয়তা। এ বিষয়ে নেছারাবাদ ফায়ার সার্ভিসের ইনচার্জ মনিরুল ইসলাম জানান, অগ্নিকাণ্ডে অন্তত ১৭টি দোকান পুরোপুরি পুড়ে গেছে। এর মধ্যে রয়েছে, ৩টি সার ও কীটনাশকের দোকান, ১টি চায়ের দোকান, প্লাস্টিক, দড়ি-কাচি ও ক্রোকারিজের দোকান, হার্ডওয়্যার, মুদি, সেলুন ও পানের দোকান। প্রসঙ্গত, প্রায় এক বছর আগে মিয়ারহাট জামে মসজিদের পশ্চিম পাশে আরেকটি ভয়াবহ অগ্নিকাণ্ডে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছিল। ঠিক এক বছরের মাথায় এবার পুড়ল মসজিদের পূর্ব পাশের ব্যবসাপ্রতিষ্ঠানগুলো। বারবার এমন অগ্নিকাণ্ডের ঘটনায় স্থানীয় ব্যবসায়ী ও সাধারণ মানুষের মনে চরম আতঙ্ক ও উৎকণ্ঠা বিরাজ করছে।

চাঁদার দাবিতে আ.লীগ নেতাকে জিম্মি করে

আসার পথে কাজীরহাট নামের স্থানে তাঁদের ভ্যানের গতি রোধ করেন উপজেলা যুবদলের সাবেক সভাপতি আলী হোসেন স্বপন ভূঁইয়া। এ সময় ওই বিএনপি নেতার নিজস্ব কার্যালয়ে স্বামী-স্ত্রীকে জিম্মি করে ১০ হাজার টাকা দাবি করেন। তাঁদের কাছে টাকা না থাকায় স্বামী লাল মিয়া কবিরাজকে আটক রেখে স্ত্রী জেসমিন আরা বেগমকে টাকার জন্য বাড়িতে পাঠান। জেসমিন বাড়ি গিয়ে কৌশলে উপজেলা বিএনপির আহ্বায়ক সিকদার হাফিজুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক সামচুল হক খোকনকে ঘটনা জানান। পরে ৯৯৯ নম্বরে ফোন দিয়ে ঘটনা জানালেও আগৈলঝাড়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছানোর আগেই তাঁদের ছেড়ে দেওয়া হয়। এদিকে দাবি করা টাকা না দেওয়ায় সংরক্ষিত ইউপি সদস্য জেসমিন আরা বেগমের কাছ থেকে আলী হোসেন স্বপন ভূঁইয়ার অনুসারী হাউল নামের এক ব্যক্তি ৫০০ টাকা নিয়ে ছয়গ্রাম বাজার থেকে ১০০ টাকার তিনটি স্ট্যাম্প কিনে আনেন। এরপর ওই সাদা স্ট্যাম্পে লাল মিয়া কবিরাজ ও জেসমিন আরা বেগমের স্বাক্ষর রেখে তাঁদের ছেড়ে দেন। এ ঘটনায় ওই এলাকায় তোলপাড় শুরু হয়। ওয়ার্ড আওয়ামী লীগ নেতা লাল মিয়া কবিরাজ বলেন, 'আমরা দুজনে আগৈলঝাড়া যাওয়ার পথে আমাদের আটক করে টাকা দাবি করেন বিএনপি নেতা স্বপন ভূঁইয়াসহ তাঁর লোকজন। তাঁদের চাহিদামতো টাকা না দেওয়ায় তাঁরা সাদা স্ট্যাম্পে জোর করে আমাদের দুজনের কাছ থেকে স্বাক্ষর রাখেন।' এ ব্যাপারে বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও উপজেলা যুবদলের সাবেক সভাপতি আলী হোসেন স্বপন ভূঁইয়া বলেন, 'তারা আওয়ামী লীগ সরকারের সময় আমার বিরুদ্ধে মামলা করে আমাকে হেনস্তাসহ অনেক টাকা খরচ করিয়েছিল। সে বিষয়ে জানতে তাদের দুজনকে ভ্যানগাড়ি থেকে নামানো হয়েছিল। কে বা কারা তাদের কাছে টাকা চেয়েছে বা সাদা স্ট্যাম্পে স্বাক্ষর রেখেছে, আমার জানা নেই।' জানতে চাইলে উপজেলা বিএনপির আহ্বায়ক (ভারপ্রাপ্ত) সিকদার হাফিজুল ইসলাম বলেন, 'জেসমিন আরা বেগম ফোনের মাধ্যমে আমাকে ঘটনাটি জানিয়েছিল, কিন্তু পরে তারা আমার কাছে না আসায় কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।' আগৈলঝাড়া থানার পরিদর্শক (তদন্ত) সুশংকর মল্লিক বলেন, ৯৯৯ নম্বর থেকে ফোন পেয়ে এসআই সমীর বিশ্বাসকে ঘটনাস্থলে পাঠানো হয়। এর আগেই তাঁদের দুজনকে ছেড়ে দেওয়া হয়েছে।

চীনা যুবকের প্রেম সফল হলেও

পরিচয় হয়। পরবর্তীতে তাদের নিয়মিত যোগাযোগ গড়ায় হোয়াটসঅ্যাপে এবং ধীরে ধীরে তা গভীর ভালোবাসার সম্পর্কে রূপ নেয়। তুবা জানান, লিয়ন যখন তার কাছে বাড়ির ঠিকানা চেয়েছিলেন, তখন তিনি ভাবতেই পারেননি লিয়ন সত্যিই এত দূর থেকে বাংলাদেশে চলে আসবেন। কিন্তু ভালোবাসার টানে সব বাধা পেরিয়ে চলতি মাসের ৮ মে লিয়ন প্রথমে ঢাকায় এসে পৌঁছান। এরপর বৃহস্পতিবার (১৪ মে) তিনি নাজিরপুর বাসস্ট্যান্ডে এসে নামলে তুবার বাবা ও স্বজনরা তাকে সাদরে বরণ করে বাড়িতে নিয়ে যান। সুদূর চীন থেকে আসা এই বিদেশি অতিথিকে একনজর দেখতে কাঞ্চন হাওলাদারের বাড়িতে ভিড় জমায় শত শত উৎসুক এলাকাবাসী। স্থানীয় বাসিন্দাদের মধ্যেও ঘটনাটি নিয়ে কৌতূহল দেখা যায়। স্থানীয় বাসিন্দা মাসুম বলেন, জানতে পারি চীন থেকে একজন এসেছেন, তাই দেখতে এসেছি। আরেক বাসিন্দা বাচ্চু হওলাদার বলেন, মোবাইলের মাধ্যমে পরিচয় হয়ে চীন থেকে কেউ এসেছে, এটা শুনে কৌতুহলে আমরাও দেখতে এসেছি। তুবার বাবা কাঞ্চন হাওলাদার বলেন, কিছুদিন ধরে চীনা যুবক লিয়নের সঙ্গে তাদের ফোনে কথা হচ্ছিল। সে সরাসরি বাড়িতে আসার পর তাকে ঐতিহ্যবাহী বাঙালি খাবার খাইয়ে অতিথিয়ানা করা হয়েছে। তবে তুবা অপ্রাপ্তবয়স্ক হওয়ায় এখনই বিয়ের কোনো সুযোগ নেই এবং সে কারণেই লিয়নকে বিদায় দেওয়া হচ্ছে। ফিরে যাওয়ার আগে লিয়ন স্থানীয় বাসিন্দাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে জানান, তিনি তার বন্ধু তুবার জন্য বাংলাদেশে এসেছিলেন। তুবার বয়স কম হওয়ায় তিনি এখন ফিরে যাচ্ছেন এবং তার জন্য অপেক্ষা করবেন। দুই বছর পর বয়স পূর্ণ হলে তিনি আবারও বাংলাদেশে আসবেন এবং তুবা রাজি থাকলে তাকে বিয়ে করে সংসার পাতবেন।

বরিশালে স্থানীয় পশুতেই মিটবে কোরবানির

অনুযায়ী চাহিদার তুলনায় প্রায় ৬৮ হাজার পশু উদ্বৃত্ত থাকবে। প্রাণিসম্পদ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয়ের তথ্য অনুযায়ী, বিভাগের ৩ হাজার ৯১৫ জন ছোট-বড় খামারির কাছে বর্তমানে মোট ৪ লাখ ৬৮ হাজার ৪৪৫টি কোরবানিযোগ্য পশু প্রস্তুত রয়েছে। অন্যদিকে সম্ভাব্য চাহিদা ধরা হয়েছে ৪ লাখ ৭৮৩টি। সে হিসাবে উদ্বৃত্ত থাকবে ৬৭ হাজার ৬৬২টি পশু। মজুত পশুর মধ্যে রয়েছে ২ লাখ ৮৩টি ষাঁড় গরু, ৬৮ হাজার ২৭৮টি বলদ, ৯৮ হাজার ৫টি মহিষ, ১ লাখ ১৯ হাজার ৮৯০টি ছাগল এবং অন্যান্য পশু ১৫০টি। জেলাভিত্তিক হিসাবেও দেখা গেছে, প্রায় সব জেলাতেই চাহিদার তুলনায় পশুর সংখ্যা বেশি। বরিশাল জেলায় চাহিদা ১ লাখ ২৬ হাজার ৫৭৯টি হলেও প্রস্তুত রয়েছে ১ লাখ ২৯ হাজার ৪৪টি পশু। পটুয়াখালীতে চাহিদা ১ লাখ ১১ হাজার ৮৭৪টির বিপরীতে রয়েছে ১ লাখ ৩৩ হাজার ৭১৮টি। ঝালকাঠিতে চাহিদা ৩০ হাজার ২৮টি, সেখানে প্রস্তুত ৩০ হাজার ৫৮৮টি পশু। এ ছাড়া বরগুনায় চাহিদা ৩০ হাজার ১৮২টি হলেও মজুত রয়েছে ৪৩ হাজার ৪২৬টি পশু। ভোলায় চাহিদা ৮০ হাজার ৭৪৩টির বিপরীতে মজুত আছে ১ লাখ ৩ হাজার ১৭টি। পিরোজপুরে ২১ হাজার ৫৭৭টি পশুর চাহিদার বিপরীতে প্রস্তুত রয়েছে ২৮ হাজার ৬৫২টি। বরিশাল বিভাগীয় প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক মো.মাহফুজুল হক বলেন, আগের তুলনায় গ্রামাঞ্চলে অনেক পরিবার ছোট পরিসরে গরু-ছাগল পালন করায় স্থানীয় উৎপাদন উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ফলে বিদেশি পশুর ওপর নির্ভরতার প্রয়োজন হবে না বলেও আশা প্রকাশ করেন তিনি। এদিকে খামারিরা বলছেন, এবার পশুর উৎপাদন ব্যয় বেড়ে যাওয়ায় কোরবানির পশুর দামও কিছুটা বাড়তে পারে। তাছাড়া ভারতীয় গরু বাজারে না এলে স্থানীয় খামারিদের পশুই বাজার নিয়ন্ত্রণ করবে। বরিশালের এমইপি অ্যাগ্রো ফার্মের তত্ত্বাবধায়ক রাফিউর রহমান জানান, গো-খাদ্য ও পরিবহন খরচ বাড়ায় আগের বছরের তুলনায় এবার দাম বেশি হওয়ার আশঙ্কা রয়েছে। তবে অনেক খামারি আগেভাগেই পশু বিক্রি শুরু করায় হাটের তুলনায় এখন কিছুটা কম দামে পশু কেনার সুযোগ পাচ্ছেন ক্রেতারা। বরিশাল সাদ সাঈদ এগ্রো ফার্মের মালিক সাঈদ বিন মিরাজ বলেন, অনেকেই ইতোমধ্যে খামার থেকে গরু কেনা শুরু করছেন। হাটের চেয়ে খামার থেকে গরু কেনায় সুযোগ সুবিধা বেশি থাকায় অনেকে খামার থেকে গরু কিনতে আগ্রহী হচ্ছেন। হাটে গরু কিনলে নানান ধরনের ঝামেলা পোহাতে হয়, যেমন হাটে দালাল, খাজনা, পরিবহন খরচের একটা বাড়তি বোঝা কাঁধে চাপে। তিনি বলেন, বর্তমানে জ্বালানি সংকটের কারণে ক্রেতাদের অতিরিক্ত পরিবহন খরচ করতে হবে। সেক্ষেত্রে এগ্রো ফার্ম থেকে গরু কিনলে ওইসব ঝামেলা পোহাতে হবে না। এগ্রোর নিজস্ব পরিবহন ব্যবস্থায় ক্রেতাদের বাড়ি পর্যন্ত গরু পৌঁছে দেয়া হয়। এদিকে প্রশাসনের পক্ষ থেকে কৃত্রিমভাবে পশু মোটাতাজাকরণ বন্ধে নজরদারি জোরদার করা হয়েছে। পশুর স্বাস্থ্য পরীক্ষা ও বাজার তদারকিতে ভেটেরিনারি মেডিকেল টিমও মাঠে সক্রিয় থাকবে বলে জানিয়েছে প্রাণিসম্পদ বিভাগ।

ভারতের পানিসন্ত্রাস এবং ফারাক্কা লংমার্চ

মাহমুদ ইউসুফ

পর্ব-০১

রক্তনালী হলো শরীরের পরিবহন নেটওয়ার্ক। ইহা রক্তের মাধ্যমে দরকারি জিনিস পৌঁছে দেয়। বেদরকারি পদার্থ সরিয়ে নেয়। রক্ত পরিবহন, বর্জ্য পদার্থ অপসারণ, দেহের তাপমাত্রা নিয়ন্ত্রণ, হরমোন পরিবহন, অক্সিজেন ও পুষ্টি সরবরাহ ব্যবস্থার নিয়ন্ত্রক রক্তনালী। অর্থাৎ সমস্ত শরীরকে সচল রাখে রক্তনালী। তাই রক্তনালী ছাড়া মানব শরীর অসার, মৃত, পরিত্যক্ত। তদ্রুপ নদীর ক্ষেত্রও অভিন্ন। নদী উচ্চ তাপমাত্রা ও অধিক ঠান্ডা নিয়ন্ত্রণ করে পরিবেশ নাতিশীতোষ্ণ রাখে। বর্জ্য বস্তু, ক্ষতিকর জীবাণুকে স্রোত নিয়ে যায় দৃষ্টির অন্তরালে। নদী দেশের আনাচে কানাচে পানি নামক রক্তকে পৌঁছে দেয়। পানি নামের রক্তই মানুষের চাহিদা ও উৎপাদনকে নিশ্চিত করে। এই রক্তধারাতে পরিবেশ, প্রকৃতি, প্রতিবেশ সজীব ও সতেজ হয়, যার ফলে মানুষ বেঁচে থাকে। মানুষের বেড়ে ওঠা থেকেই সমাজ, দেশ ও রাষ্ট্র বিকশিত হয়। বাংলার ইতিহাস, ঐতিহ্য ও কৃষ্টির আদি-অন্ত নদীকে ঘিরেই আবর্তিত।

বাংলাদেশের প্রধান পানিপ্রবাহ পদ্মা নদী। পদ্মা নদী বাংলাদেশের জীবনরেখা। জীবন ও সম্পদের প্রধান উৎস। আঞ্চলিক জীববৈচিত্র্যের নির্মাতা পদ্মা। প্রধান ধমনী। বাঙালির ফুসফুস। এই ধমনীকে কেটে ফেলছে ভারত নামক রাষ্ট্রটি। আমাদের হৃদযন্ত্র ও ফুসফুসকে ক্ষতবিক্ষত করছে চাণক্যের সরকারযন্ত্র। নদীমাতৃক বাংলাদেশের ইকোসিস্টেমকে অকেজো করে দিয়েছে। প্রমত্তা পদ্মানদীতে ধূ ধূ বালুচর। শ্রী কুলদীপ নায়ারের কণ্ঠে তাই স্পষ্ট উচ্চারণ:
''ফারাক্কা বাঁধ নির্মাণ করে ভারত মারাত্মক ভুল করেছে। বড় বাঁধগুলো গঙ্গানদীর ভাটিতে স্বাভাবিক প্রবাহ, জীবজন্তু ও গাছপালার ব্যাপক ক্ষতি করেছে।''

বাংলাদেশের সকল দুর্যোগের হেতু ফারাক্কা-গজলডোবা বাঁধ। তীব্র নদীভাঙ্গন, মরুকরণ, লবণাক্ততা, পানিশূণ্যতা, পানিবদ্ধতা, ভূমিধস, ভূমিকম্প, বন্যা, হরকা বান, খরা বা বৃষ্টিহীনতার মূলে ওই বাঁধ। শুধু বাংলাদেশ নয়, বিশ্ব সভ্যতার অভিশাপ ফারাক্কা বাঁধ। গঙ্গা-পদ্মা পৃথিবীতে মিঠাপানি বহনকারী জলধারার মধ্যে অন্যতম। পদ্মা, ব্রহ্মপুত্র, মেঘনার মিলিত প্রবাহ পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম পানিপ্রবাহ প্রক্রিয়া, প্রথম আমাজান। আমাজান ধ্বংস হওয়া যেমন আমাদের জন্য অভিশাপ, তেমনি পদ্মা নদী বিলুপ্ত হওয়া মানে সমগ্র মানবজাতির জন্যই ক্ষতিকর। দেশে আমাজান নিয়ে অনেকেই উদ্বেগ প্রকাশ করেন, কিন্তু তাদের পদ্মা, তিস্তা, সুরমা নিয়ে সরব হতে দেখা যায় না।

মানুষ মনে করে পারমানবিক বোমা, মিসাইল, ক্ষেপনাস্ত্র পৃথিবীর জন্য বেশি ক্ষতিকর। আমরা আরও মনে রেখেছি মঙ্গল আগ্রাসন, কিন শি হুয়াং-শশাঙ্ক-স্টালিন-পলপট-বুশ আগ্রাসন; কিংবা দুটি মহাযুদ্ধ বিশ্বভূখণ্ডের সর্বাধিক ক্ষতি সাধন করছে। কিন্তু সূক্ষ্মতর হিসেব করলে দৃশ্যমান হবে, ফারাক্কা বাঁধের ক্ষয়ক্ষতির তুলনায় ওইসব নির্বিচার কিছুই নয়। 'ফারাক্কা বাঁধের অপকারিতা' শীর্ষক পুস্তিকা লেখার কথিত অপরাধে ভারতের খ্যাতনামা প্রকৌশলী শ্রী কপিল ভট্টাচার্য চাকরিচ্যুত হন। তিনি বিশ্বাস করতেন, ফারাক্কাবাঁধ সব মানুষের মরণফাঁদ। তাঁর অভিমত:
''ফারাক্কা বাঁধ গোটা গঙ্গা অববাহিকার স্বাভাবিক পানি প্রবাহ ব্যবস্থা নষ্ট করে দিবে। এই বাঁধ দীর্ঘমেয়াদে পরিবেশ ও নদীর ক্ষতি করবে। ... ভাটি অঞ্চলের সব নদীর নাব্যতা মারাত্মকভাবে বিঘ্নিত হবে। ... শুষ্ক মৌসুমে পানিপ্রবাহ কম হওয়ার কারণে পরিবেশ, আবহাওয়া, জলবায়ু বিপর্যয় দেখা দেবে।''



"যে নীতির ওপর ভিত্তি করে জেলা ভাগ, দেশভাগ হলো, সেই নীতির ব্যত্যয় ঘটল মুর্শিদাবাদের ক্ষেত্রে। কয়েক দিন পূর্ব বাংলার সঙ্গে থাকার পর পতাকা নামিয়ে মুর্শিদাবাদ চলে গেল ভারতের হিস্যায়। হিন্দু, মুসলমান নয়, নদী আর নদীর পানি দেশভাগের 'জুয়াখেলার' প্রধান বিবেচ্য হয়ে ওঠে। মুর্শিদাবাদ না থাকলে গঙ্গা শাসন করা যাবে না, কলকাতা বন্দর থাকবে না। এই বুঝটা যাঁদের ছিলো, তারা মুর্শিদাবাদ ছাড়লেন না। তাদের বিবেক ধাক্কা দিলো না, পানি না থাকলে না থাকবে পদ্মা, না থাকবে সুন্দরবন।" এর শেষ পরিণতি ফারাক্কা গজব। সোভিয়েত রাশিয়ার সহযোগিতায় এক বিলিয়ন ডলার খরচে ভারত নির্মাণ করে এই গজব। ১৯৭৪ সালে শেখ মুজিবুর রহমান-ইন্দিরা গান্ধীর মধ্যে চুক্তি ও বোঝাপড়ার পর ১৯৭৫ সালে ফারাক্কা বাঁধ চালু করে ভারত। এর আগে জওহর লাল নেহরু নদীর বড় বাঁধকে আধুনিক ভারতের মন্দির হিসেবে আখ্যায়িত করেছিলো। অথচ তাঁদের ধর্মগ্রন্থে ভিন্ন বয়ান। সরকারি সিদ্ধান্তের প্রতিবাদে বিজ্ঞানী ড. মেঘনাদ সাহা ভারতের সরকার প্রধানকে লিখিতভাবে জানিয়েছিলেন:
''১৪ লাখ বছর ধরে যে জলজ ও প্রাকৃতিক জীবন গড়ে উঠেছে এই ভারতবর্ষে, তা ধ্বংস করার কোনো অধিকার আপনার নেই। ফারাক্কা বাঁধ সমগ্র নদী-নালা, বন, প্রকৃতি, প্রাণী, কীট, ব্যাকটেরিয়াকে বিনাশ করে নারকীয় হাহাকারে ভরে তুলবে উপমহাদেশকে।''

ফারাক্কাবাঁধে শুধু পদ্মা নয় দেশের সমস্ত নদীর বিবর্ণরূপ দেখছি। আর অন্তর চেতনায় দেখতে পাচ্ছি নদীর মৃত্যুরূপ। নদী মরে গেলে দেশও মরে যাবে। দেশ ছাড়া রাষ্ট্র অলভ্য। সমাজ এবং মানুষও তখন প্রান্তিক হয়ে পড়বে। পদ্মা, মেঘনা, যমুনাকে বাঁচিয়ে রাখা সর্বাধিক জরুরত। নদীই আমাদের খাদ্য, আহার, পরিবহন, অগ্রগতি, চেতনা, সভ্যতা, শক্তি, ঐতিহ্য ও কৃষ্টির উৎস। বাঙালির প্রেম, ভালোবাসা, মায়া-মমতায় জড়িয়ে আছে নদীর অবিনাশী গান। এই নদীকে আমরা হারিয়ে যেতে দিতে পারি না। গর্জে উঠুক জাতি। ফারাক্কা মারিয়ে যাও। ফারাক্কা গুড়িয়ে দাও। ফারাক্কা উড়িয়ে দাও। ফারাক্কা ধ্বসিয়ে দাও। বাংলার নদীকে মুক্ত করো ফারাক্কার বন্দিশালা থেকে। চিরবিদায় করতে হবে ফারাক্কা বাঁধকে। নদীকে নদীর মতো চলতে দিলেই বাংলাদেশ-ভারতের সিংহভাগ সমস্যার সমাধান হয়ে যাবে। তাই সব মানুষের শ্লোগান হোক: নদীকে নদীর মতো থাকতে দিন। দক্ষিণ এশিয়ার দুশো কোটি মানুষের মুখে মুখে উচ্চারিত হোক: নদীকে নদীর মতো চলতে দিন।

ভারতীয় চক্রান্তে প্রবাহমান পদ্মা অবরুদ্ধ হওয়ায় এর কুফল পুরো পদ্মা অববাহিকায় প্রতিভাত হয়। ভাটির নদ-নদীর অববাহিকাঞ্চলে বহুমাত্রিক বিপর্যয়ে আক্রান্ত। ড. মেঘনাদ সাহা ও কপিল ভট্টাচার্যের বয়ান অহিবাক্যের মতোই সত্যে উদ্ভাসিত ও সুপ্রমাণিত। ফারাক্কা প্রতিক্রিয়ায় প্রাণবৈচিত্র্য বিপদাপন্ন। সুপেয় পানির সঙ্কট লাগাতার। জীবনমান ও স্বাস্থ্যঝুঁকিতে সমগ্র বাঙালি জাতি। ডায়রিয়া-আর্সেনিক প্রাদুর্ভাব তো প্রতিদিনকার চিত্র। পদ্মা অববাহিকায় জীবন, জীবিকা, ফসল উৎপাদন মারাত্মক ক্ষতিগ্রস্ত। বহুবিধ দেশি মাছ যেমন: পাবদা, সরপুঁটি, ঘুইঙ্গা, বাঘাইর, চেলা, বাক্কা, মহাশোল, নান্দিলা, চান্দা, ভাঙ্গান বাটা, খরকি, চেনুয়া, বৈচা, চাটুয়া, ভেটকি, কুইচ্চা, ভাসা, খয়রা, পিয়ালি, বাইম, কাঁকিনা, রিটা প্রভৃতি এখন গাল্পিক। অবশ্য কোনোটা চাষের বাজারে মাঝেমধ্যে হাজিরা দিচ্ছে। ইলিশসহ অন্যসব পরিযায়ী মাছ বিনাশের পথে। বহিঃপানি আগ্রাসনের পাশাপাশি কারেন্ট জাল, বিষ, কীটনাশক, পুকুর, খাল ভরাট, রেনু নিধন, স্বল্পবুদ্ধির জেলেদের জঘন্যতাও কম দায়ী নয়।

২
ফারাক্কা অভিশাপে বাংলাদেশের বহু নদ-নদী, খাল-বিলের অপমৃত্যু ঘটেছে। ২০২৩ সালে প্রকাশিত রিভার অ্যান্ড ডেল্টা রিসার্চ সেন্টার (RDRC) এর তথ্যমতে, গত ৫০ বছরে প্রায় ৫০০ নদীর মৃত্যু ঘটেছে। নদী বিলুপ্ত হলে একার মৃত্যু ঘটে না। অবসান ঘটে সুন্দরতম বসবাসযোগ্য প্রকৃতির। অপঘাত ঘটে প্রাণ-প্রকৃতির। নদী অববাহিকার জনপদ, কৃষি, জীববৈচিত্র্য, অর্থনীতি, আন্তঃবাণিজ্য ও বহিঃবাণিজ্য ক্রমশ ক্ষয়িষ্ণুতার দিকে এগিয়ে যায়। মৎস্য, শিল্প, বিদ্যুৎ, বনজ, পর্যটন, কৃষি, উৎপাদন ব্যহত হয়। বাড়তে থাকে পানি দূষণ, শব্দ দূষণ, বায়ু দূষণ, পরিবেশ দূষণ। আবহাওয়া ও জলবায়ুর প্রত্যাঘাত ঘটে। মানুষ ও প্রকৃতি একে অপরের 'দুশমন' হয়ে দাঁড়ায়। উপকূলীয় অঞ্চল তলিয়ে যাওয়ার যে আশঙ্কা প্রবল হচ্ছে তার মূলেও রয়েছে ওই ফারাক্কা বাঁধ।

সাম্প্রতিককালে আর্সেনিক আগ্রাসনে জনস্বাস্থ্য চরম বিপর্যয়ের মুখে। আর্সেনিকের শেষইচ্ছা জীবননাশ। প্রাণ আর পানিকে আলাদা করার সুযোগ নেই। শুধু পানির অপর নাম জীবন নয়, জীবনের অপর নামও পানি। ফারাক্কা বাঁধ শুধু পানিই কেড়ে নেয়নি, আমাদের উপহার দিয়েছে 'আর্সেনিক' নাম বিষাক্ত মরণঘাতক রাসায়নিক উপাদান।

জলবায়ু ও জ্বালানি বিশেষজ্ঞ গধহলঁৎরশধ উধং তাঁর অৎংবহরপ পড়হঃধসরহধঃরড়হ ধহফ পধহপবৎ ৎরংশ রহ ইধহমষধফবংয শীর্ষক গবেষণায় দেখিয়েছেন: বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় ৪৫% এলাকাতে পানিতে আর্সেনিকের মাত্রা ডঐঙ-এর নিরাপদ সীমা (১০ স্রম/খ)-এর বেশি। প্রায় ৫০ স্রম/খ। চরম স্বাস্থ্যঝুঁকির শিকার দেশবাসী। ডঐঙ আর্সেনিককে শক্তিশালী কার্সিনোজেন হিসেবে ঘোষণা করেছে। দীর্ঘমেয়াদে আর্সেনিক দূষিত পানি পান করলে ত্বকের ক্যান্সার, ফুসফুসের ক্যান্সার, মূত্রথলি ও কিডনির ক্যান্সার হতে পারে। ক্যান্সার রোগে অতিরিক্ত প্রায় ৯ লাখ মানুষের মৃত্যু ঘটতে পারে। প্রতি ৮০ জনে একজন ফুসফুস বা মূত্রথলির ক্যান্সারে মারা যেতে পারে। বাংলাদেশে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী প্রায় ৫ কোটি। (লন্ডন থেকে আন্তর্জাতিক বৈজ্ঞানিক সংস্থা উষংবারবৎ কর্তৃক প্রকাশিত এ্যযব খধহপবঃ এ প্রকাশিত ২১ মার্চ ২০২৪)
আমেরিকার National Center for Biotechnology Information (NCBI) এর PubMed Central (PMC) ওয়েবসাইটে এক গবেষণাপ্রবন্ধে বলা হয়েছে: বাংলাদেশ বর্তমানে বিশ্বের সবচেয়ে বড় জনসংখ্যা বিষক্রিয়ার সমস্যার সঙ্গে মোকাবেলা করছে, যা অজৈব আর্সেনিক দিয়ে পানীয় জলের দূষণের কারণে ঘটে। ধারণা করা হয় যে, ৬৪টি জেলার মধ্যে ৫৯টিতে প্রায় ৭৫ মিলিয়ন মানুষ আর্সেনিকের ৫০স্রম/খ এর চেয়ে বেশি দূষিত পানি পান করার ঝুঁকিতে রয়েছে। আর্সেনিকের দীর্ঘমেয়াদি সংস্পর্শ ক্যান্সার সৃষ্টি করে, যার মধ্যে রয়েছে ত্বকের, ফুসফুসের এবং মূত্রাশয়ের ক্যান্সার। এটি একটি র‍্যান্ডমাইজড প্রোস্পেক্টি স্টাডি, যা বাংলাদেশের আর্সেনিক প্রভাবিত অঞ্চলের ত্বকের ক্যান্সারের প্রাদুর্ভাব এবং অঞ্চলভিত্তিক, বয়স, লিঙ্গ, দেহের অবস্থান এবং সামাজিক-অর্থনৈতিক অবস্থার অনুযায়ী তার বৈচিত্র্য দেখার জন্য করা হয়েছে, এবং এটি ইঝগগট এর প্লাস্টিক সার্জারি ইউনিটের আউটপেশেন্ট বিভাগের মধ্যে সম্পন্ন হয়েছে। ২০০৪-২০১৫ সময়কালে ১২ বছরের হাসপাতালভিত্তিক গবেষণায় দেখা গেছে আর্সেনিক দূষিত এলাকায় ৯৬০ জন ত্বকের ক্যান্সার রোগী শনাক্ত।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা এটাকে 'জনগোষ্ঠীর ইতিহাসের সবচেয়ে বড় বিষক্রিয়া'র ঘটনা বলে বর্ণনা করে। গঙ্গা নদীব্যবস্থার পানিপ্রবাহ ফারাক্কার আগের স্তরে নিয়ে গেলে এর সমাধান হতে পারে বলে দাবি করেছেন যুক্তরাষ্ট্রে অধ্যাপনারত দুই বিশেষজ্ঞ থমাস ই ব্রিজ ও মির টি হোসেইন। তাঁদের গবেষণার শিরোনাম 'গ্রাউন্ডওয়াটার আর্সেনিক পয়জনিং অ্যান্ড এ সলিউশন টু দ্য আর্সেনিক ডিজাস্টার ইন বাংলাদেশ'। গবেষক দুজনের যুক্তি হলো, ভারত এককভাবে ফারাক্কা ব্যারাজ দিয়ে শুষ্ক মৌসুমে গঙ্গার পানি সরিয়ে নেওয়ায় বাংলাদেশকে ব্যাপক মাত্রায় গভীর নলকূপের মাধ্যমে সেচকাজ চালাতে হয়। এতে করে ভূগর্ভস্থ পানির স্তর নামছে তো নামছেই। এর প্রতিক্রিয়ায় আর্সেনিকবাহী খনিজের অক্সিডাইজেশন ঘটে ভূগর্ভস্থ পানিতে আর্সেনিকের বিষক্রিয়া ঘটে। তাঁদের মতে, আর্সেনিক সমস্যা মেটাতে হলে বাংলাদেশ ও ভারতের মধ্যকার আন্তঃসীমান্ত নদীগুলো, বিশেষত গঙ্গা, তিস্তা ও ব্রহ্মপুত্রের প্রাকৃতিক ও স্বাভাবিক পবাহ ফিরিয়ে আনতে হবে। এর অর্থ হলো, বাংলাদেশের ভূগর্ভস্থ পানির স্তরকে নিয়ে যেতে হবে ফারাক্কা ব্যারাজ চালু হওয়ার আগের পর্যায়ে। (ফারুক ওয়াসিফ, প্রথম আলো, ২৫ ডিসেম্বর ২০১৬)

মূল্যস্ফীতি-বিনিয়োগ স্থবিরতা ও জ্বালানি

বাড়ছে। রাজধানীর সামষ্টিক অর্থনীতির বর্তমান অবস্থা মূল্যায়নে নতুন উদ্যোগ হিসেবে 'অর্থনৈতিক অবস্থান সূচক (ইপিআই)' শীর্ষক সেমিনারে তারা এই উদ্বেগ প্রকাশ করেন। শনিবার (১৬ মে) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত এ সেমিনারে দেশের অর্থনীতির বিদ্যমান চ্যালেঞ্জ, বিনিয়োগ পরিস্থিতি, শিল্পখাতের সংকট ও ব্যবসা পরিবেশ উন্নয়নে করণীয় নিয়ে আলোচনা করেন অর্থনীতিবিদ, নীতিনির্ধারক ও ব্যবসায়ীরা। সেমিনারে স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, উচ্চ মূল্যস্ফীতি, বৈদেশিক মুদ্রার রিজার্ভের চাপ, বিনিয়োগে মন্থরতা, জ্বালানি অনিশ্চয়তা ও উৎপাদন ব্যয় বৃদ্ধির কারণে দেশের অর্থনীতি বর্তমানে কঠিন সময় পার করছে। কর্মসংস্থানের সুযোগ কমে যাওয়ায় সামগ্রিক অর্থনীতিতে চাপ তৈরি হয়েছে বলেও মন্তব্য করেন তিনি। তিনি বলেন, প্রচলিত সামষ্টিক অর্থনৈতিক সূচকগুলো স্বল্পমেয়াদে অর্থনীতির প্রকৃত অবস্থা ও তাৎক্ষণিক পরিবর্তনের প্রতিফলন যথাযথভাবে তুলে ধরতে পারছে না। এ কারণে বাস্তব পরিস্থিতি মূল্যায়নে ডিসিসিআই অর্থনৈতিক অবস্থান সূচক (ইপিআই) চালু করেছে, যা নীতিনির্ধারক ও উদ্যোক্তাদের কার্যকর সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে। সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডিসিসিআইয়ের ভারপ্রাপ্ত মহাসচিব ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী। তিনি জানান, ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ও দ্বিতীয় প্রান্তিকের তথ্য বিশ্লেষণ করে এ গবেষণা পরিচালনা করা হয়েছে। এতে উৎপাদন ও সেবা খাতের মোট ৭৬২ জন প্রতিনিধির মতামত নেওয়া হয়। গবেষণায় দেখা গেছে, জলবায়ু পরিবর্তনের কারণে কৃষিখাতে খাদ্য উৎপাদন কমছে, জ্বালানি সংকটে শিল্পখাতে উৎপাদন ব্যাহত হচ্ছে এবং মানুষের ক্রয়ক্ষমতা কমে যাওয়ায় সেবাখাতও চাপে রয়েছে। পরিস্থিতি মোকাবিলায় কৃষিপণ্যের বাজার স্থিতিশীল রাখা, সরবরাহ ব্যবস্থা উন্নয়ন, এসএমই খাতে স্বল্পসুদে ঋণ, শিল্পে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ, অবকাঠামো উন্নয়ন এবং লাইসেন্সিং প্রক্রিয়ায় হয়রানি কমানোর ওপর জোর দেন তিনি। সাপোর্ট টু সাসটেইন্যাবল প্রজেক্টের আন্তর্জাতিক বাণিজ্য বিশেষজ্ঞ নেসার আহমেদ বলেন, এলডিসি উত্তরণের পর ইউরোপীয় বাজারে শুল্কমুক্ত সুবিধা হারালে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে এসএমই খাত। তাই ব্যবসা পরিচালনা ব্যয় কমানো এবং ব্যবসাবান্ধব নীতি সহায়তা নিশ্চিত করা জরুরি। বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শিবির বিচিত্র বড়ুয়া বলেন, দেশের অর্থনীতির প্রধান চ্যালেঞ্জ এখন উচ্চ মূল্যস্ফীতি, বিনিয়োগে নেতিবাচক প্রবণতা এবং ব্যাংকিং খাতের দুর্বলতা। তিনি জানান, ব্যবসা সহজীকরণে সরকার আমদানি নীতিমালা যুগোপযোগী করার কাজ করছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মিজানুর রহমান বলেন, কয়েক বছর ধরে সরকারি ও বেসরকারি খাতে আয় অপেক্ষা ব্যয় বেশি হওয়ায় অর্থনীতিতে চাপ তৈরি হয়েছে। এর সঙ্গে বিনিয়োগ স্থবিরতা অর্থনীতির গতি কমিয়ে দিয়েছে।

হরমুজ প্রণালি ইস্যুতে

ইরানের টোল আরোপের পরিকল্পনাকে কেন্দ্র করে নতুন সংকটে পড়েছে ওমান। বিশ্বের মোট সমুদ্রবাহিত জ্বালানি তেলের এক-পঞ্চমাংশ পরিবাহিত হয় এই হরমুজ প্রণালি দিয়ে। গত ফেব্রুয়ারিতে ইরানের ওপর যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর থেকে দীর্ঘ ১০ সপ্তাহ ধরে এই নৌপথটি কার্যত অবরুদ্ধ হয়ে আছে। এই প্রণালির দক্ষিণ দিকে ওমানের একটি বিচ্ছিন্ন ভূখণ্ড 'মুসান্দাম' অবস্থিত হওয়ায় এই সংকটে অবধারিতভাবেই জড়িয়ে পড়েছে দেশটি। গত শুক্রবার ভারতে এক বক্তৃতায় ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি দাবি করেন, হরমুজ প্রণালি সম্পূর্ণভাবে ওমান ও ইরানের নিজস্ব জলপথ। তিনি বলেন, 'এই প্রণালি ইরান ও ওমানের আঞ্চলিক জলসীমার মধ্যে অবস্থিত। এর মধ্যে কোনো আন্তর্জাতিক জলসীমা নেই।' আরাগচি আরও জানান, এই প্রণালির ভবিষ্যৎ ব্যবস্থাপনার বিষয়ে ইরান ওমানের সঙ্গে সমন্বয় করছে। তবে ইরানের এই একতরফা পরিকল্পনার ব্যাপারে এখন পর্যন্ত রহস্যজনকভাবে নীরব রয়েছে ওমান। পশ্চিমা কূটনীতিকদের মতে, ইরানের এই প্রস্তাব আন্তর্জাতিক আইনের পরিপন্থি। এর মাধ্যমে ইরান নিজের ইচ্ছামতো যে কোনো দেশের জাহাজ আটকে দেওয়ার অধিকার পেয়ে যাবে। তাছাড়া, টোল আদায়ের জন্য প্রতিটি জাহাজকে ইরানি মুদ্রা 'রিয়াল'-এ অ্যাকাউন্ট খোলার যে শর্ত দেওয়া হয়েছে, তা ইরানের বিপ্লবী গার্ড কর্পসের (আইআরজিসি) ওপর আরোপিত জাতিসংঘ নিষেধাজ্ঞার সরাসরি লঙ্ঘন হতে পারে। ইরানের এই একাধিপত্য ঠেকাতে ফ্রান্স এবং যুক্তরাজ্য মিলে 'নৌচলাচলের স্বাধীনতা' রক্ষার নীতিতে একটি পাল্টা পরিকল্পনা তৈরি করেছে, যা ওমানের কাছেও পেশ করা হয়েছে। পারস্য উপসাগরীয় অঞ্চলের অধিকাংশ দেশ এই পশ্চিমা পরিকল্পনাকে সমর্থন করছে। বিষয়টি নিয়ে আলোচনার জন্য সম্প্রতি যুক্তরাজ্যের পররাষ্ট্র দপ্তরের রাজনৈতিক পরিচালক লর্ড লেভেলিন এবং আন্তর্জাতিক মেরিটাইম অর্গানাইজেশনের (আইএমও) প্রধান আর্সেনিও ডোমিঙ্গুয়েজ ওমানের রাজধানী মাসকাট সফর করেছেন। আন্তর্জাতিক আইন অনুযায়ী ইরান এভাবে টোল আদায় করতে পারে কি না, তা নিয়েই এখন বিতর্ক চলছে। ইরান ১৯৮২ সালে জাতিসংঘের সমুদ্র আইন বিষয়ক কনভেনশনে সই করলেও তা কখনো দেশটির সংসদে পাস হয়নি। ফলে তেহরানের দাবি, তারা এই আইনের অবাধ যাতায়াতের নিয়ম মানতে বাধ্য নয়। গত ৫ মে ইরান 'পারসিয়ান গালফ স্ট্রেইট অথোরিটি' (পিজিএসএ) নামে একটি নতুন সরকারি সংস্থা গঠন করেছে, যার মূল লক্ষ্য এই প্রণালি থেকে বিপুল রাজস্ব আয় করা। নতুন নিয়ম অনুযায়ী, প্রতি ব্যারেল তেলের সমপরিমাণ মূল্যের জন্য প্রায় এক ডলার করে টোল নির্ধারণ করা হচ্ছে।

ব্রিজ ভেঙে খালে ট্রাক

পড়ে যায়। পরে স্থানীয় লোকজন এক্সকাভেটর ব্যবহার করে ট্রাকটি উদ্ধার করলেও সড়ক যোগাযোগ এখনো বন্ধ রয়েছে। ব্রিজটি ভেঙে পড়ায় ওই সড়ক দিয়ে চলাচলকারী শত শত মানুষ, শিক্ষার্থী ও ব্যবসায়ীরা চরম দুর্ভোগে পড়েছেন। বিশেষ করে চেচরিরামপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামের মানুষ উপজেলা সদরে যাতায়াতে বিপাকে পড়েছেন। দুর্ঘটনার খবর পেয়ে কাঁঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মকবুল হোসেন এবং ঝালকাঠি সড়ক বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী মো. মজিবুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেন। কাঁঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মকবুল হোসেন বলেন, দুর্ঘটনাকবলিত ট্রাকটি দ্রুত অপসারণ এবং ভেঙে পড়া ব্রিজটি জরুরি ভিত্তিতে মেরামতের উদ্যোগ নেওয়া হয়েছে। আপাতত ব্রিজটি মেরামত করে খুব দ্রুত সড়ক যোগাযোগ স্বাভাবিক করা হবে। সড়ক ও জনপথ বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী মো. মজিবুর রহমান বলেন, 'ব্রিজটি অনেক পুরোনো হওয়ায় ঝুঁকিপূর্ণ অবস্থায় ছিল। আমরা ক্ষতিগ্রস্ত ব্রিজটি পরিদর্শন করেছি। দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে যোগাযোগ স্বাভাবিক করার কাজ শুরু করা হবে।' এদিকে স্থানীয় বাসিন্দারা দ্রুত একটি টেকসই নতুন সেতু নির্মাণের দাবি জানিয়েছেন। তাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে ব্রিজটি ঝুঁকিপূর্ণ থাকলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকর ব্যবস্থা নেয়নি।

ভাণ্ডারিয়ায় শ্রীগুরু সঙ্ঘের

তালুকদার,উপজেলা যুবদলের সদস্য সচিব মো. শামীম হাওলাদারসহ বিভিন্ন সংগঠনের জেষ্ঠ নেতৃবৃন্দ। এদিকে অনুষ্ঠানে এ উপজেলা ছাড়াও পার্শবর্তী বিভিন্ন উপজেলা এবং জেলা শহরসহ দুরদুরান্ত থেকে বিভিন্ন শ্রেণি পেশার হাজারো নারী-পুরুষ ভক্তরা মনোযোগ সহকারে উপভোগ করেন। শুরুর দিন সোমবার সকালে মন্দির প্রাঙ্গন থেকে সঙ্ঘের প্রতিষ্ঠাতা পরিব্রাজকাচার্য্যর শ্রীশ্রীমদ্ দুর্গাপ্রসন্ন পরমহংসদেবের ছবি,জাতীয় পতাকা ও সঙ্ঘের পতাকা এবং বাদ্যবাজনাসহ নারী-পুরষ ভক্তদের সমন্বয়ে এক মঙ্গল শোভাযাত্রা বের করে বাজারের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে মন্দির প্রাঙ্গনে গিয়ে শেষ হয়। অন্যদিকে ৬দিন ব্যপি অনুষ্ঠানে দুই দিন শ্রীমদ্ভাগবত পাঠ করেন, গোপীনাথ দাস ব্রক্ষ্মচারী। এছাড়া বাকি চার দিনের মধ্যে প্রাতঃকালীন প্রার্থনা ও শ্রীগুরু বন্দনা,শ্রীশ্রী গীতাপাঠ ও গুরুগীতা পাঠ,শ্রীশ্রী গুরুদেবের পাদুকা উৎসব অঙ্গনে আনয়ন,জাতীয় ও সঙ্ঘ পতাকা উত্তোলন,ধর্মীয় সংগীত ছাড়াও শ্রীশ্রী তারকব্রহ্ম মহানাম যজ্ঞানুষ্ঠান। বিরতিহীন ২৪প্রহর অখন্ডতারকব্রহ্ম মহানাম সংকীর্তন পরিবেশন করেন দেশের বিভিন্ন স্থান থেকে আগত কির্ত্তুনীয়া দলের মধ্যে শ্রী ভক্ত নরোত্তম সম্প্রদায়,বৃন্দাবন সম্প্রদায়,মোহন লাল সম্প্রদায়,বলদেব জিউ সম্প্রদায় এবং শ্রী সত্য সনাতন সম্প্রদায়। অনুষ্ঠানে প্রতিদিন আগত ভক্তদের জন্য তিন বেলা হাজারো নারী-পুরুষ ভক্তবৃন্দ এবং অতিথিদের জন্য খাবারের ব্যাবস্থাও ছিল লক্ষ্যণীয়। উৎসব উদ্‌যাপন কমিটির সভাপতি শ্রী মনিতোষ কর্মকার,সাধারণ সম্পাদক শ্রী শিশির দত্ত জানান, অতীতে এ উপজেলার মুরুব্বীখ্যাত সাবেক মন্ত্রী,এমপি 'আনোয়ার হোসেন মঞ্জু' সবসময় একটি অসাম্প্রদায়ীক বন্ধনের মধ্যে চলা শিখিয়েছে। কখোনো কখোনো তিনি নিজেও এই অনুষ্ঠানে আসতেন। যার ফলে সাম্প্রদায়ীক সম্প্রীতির মধ্য দিয়ে তাদের এই অনুষ্ঠান নির্ভিঘ্নে শেষ হয়। এই অনুষ্ঠানে তাদের নিজস্ব ৬০জন স্বেচ্ছা সেবক অতিথি আপ্যায়ণসহ আগত ভক্তবৃন্দদের যাতে কোন অসুবিধা না হয় সে ভাবে তারা ভাগ ভাগ করে তাদের দ্বায়িত্ব পালন করেন। অন্যদিকে এই অনুষ্ঠান উপলক্ষে বিভিন্ন স্থান থেকে ধর্মীয় তৈজসপত্রের,বিভিন্ন খাবারের দকোনীদের বেচাকেনাও ভালো হয়েছে বলে জানান দোকানিরা। অনেক ভক্তরা দিনগুলকে স্বরণীয় করে রাখতে পরিবার,আত্মীয়স্বজনদের নিয়ে ছবি তোলা,ঊঠতি বয়সীদের সেলফি তোলাও ছিল চোখে পড়ার মতো।

চরফ্যাশনে ডিবির অভিযানে

জেলা গোয়েন্দা শাখার (ডিবি) এসআই মাহমুদুল হাসান বাপ্পীর নেতৃত্বে দুলারহাট থানার নীলকমল ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডে মাওলানা শহীদের বাড়ির সামনের পাকা সড়কে বিশেষ অভিযান পরিচালনা করা হয়। এ সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করলে ইকবাল হোসেনকে আটক করা হয়। পরে তার কাছ থেকে এক হাজার টাকা মূল্যমানের ১০টি এবং ৫০০ টাকা মূল্যমানের তিনটি জাল নোট উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া জাল নোটের মোট মূল্য ১১ হাজার ৫০০ টাকা। পুলিশ জানায়, উদ্ধারকৃত আলামত জব্দ করে বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪-এর ২৫-এ(বি) ধারায় দুলারহাট থানায় নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, ঈদকে সামনে রেখে ভোলাবাসীর অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত করতে এবং যেকোনো ধরনের অপরাধ ও অপরাধীদের বিরুদ্ধে জেলা পুলিশের এই ধরনের চিরুনি অভিযান ও জিরো টলারেন্স নীতি অব্যাহত থাকবে।

বরগুনায় বাড়ির মালিককে

দ্রুত পালিয়ে যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে স্থানীয় বাসিন্দাদের সহায়তায় আহত রিমনকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। এ বিষয়ে বেতগী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হারুন অর রশীদ হাওলাদার বলেন, ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। এ ঘটনার পরপরই জড়িত সন্দেহে তিনজনকে আটক করা হয়েছে। এ বিষয়ে মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

সৈকতে মিললো বিরল

ঘটনাস্থলে পৌঁছে কচ্ছপটি উদ্ধার করেন। প্রায় ৩০ থেকে ৩৫ কেজি ওজনের এ কচ্ছপটি সাধারণত 'প্যাসিফিক রিডলি' নামেও পরিচিত। উপরা'র আহ্বায়ক কেএম বাচ্চু বলেন, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, এটি একটি পূর্ণবয়স্ক স্ত্রী অলিভ রিডলি কচ্ছপ। সাধারণত এ সময় এরা ডিম পাড়ার জন্য উপকূলের নিরিবিলি সৈকতে আসে। সমুদ্রে মাছ ধরার জালে আটকে আঘাত পাওয়া, দীর্ঘসময় পানির বাইরে থাকা কিংবা প্লাস্টিক বর্জ্য খাওয়ার কারণে কচ্ছপটি দুর্বল ও ক্লান্ত হয়ে পড়তে পারে। কুয়াকাটা বন বিভাগের ক্যাম্প কর্মকর্তা মো. রুবেল বলেন, স্থানীয়দের দ্রুত তথ্যের কারণে কচ্ছপটিকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে। বর্তমানে কচ্ছপটির শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করা হচ্ছে। বন বিভাগ ও প্রাণিসম্পদ বিভাগের কর্মকর্তাদের পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় চিকিৎসা শেষে কচ্ছপটিকে আবার সমুদ্রে অবমুক্ত করা হবে।

ভোলায় ২০ কেজি

মিয়ার ছেলে। জব্দকৃত গাঁজা ও আটক ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। শুক্রবার বিকেলে সংবাদ সম্মেলনে কোস্ট গার্ডের স্টাফ অফিসার লেঃ রিয়াজ আহমেদ জানান, মাদকের বিস্তার রোধে কোস্ট গার্ডের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

বাকেরগঞ্জে এমপিকে নিয়ে ফেসবুকে

ফারুক মৃধা বাদী হয়ে নিলয়কে আসামি করে বরিশাল সাইবার ট্রাইব্যুনালে সাইবার নিরাপত্তা আইনে মামলা করেন। আদালতের বিজ্ঞ বিচারক মামলাটি আমলে নিয়ে এজাহার গ্রহণ করতে বাকেরগঞ্জ থানার পুলিশকে নির্দেশ দেন। বাকেরগঞ্জ থানার অফিসার ইনচার্জ আদিল হোসেন জানান, অভিযোগের ভিত্তিতে আদালতের নির্দেশে সাইবার নিরাপত্তা আইনে মামলা করা হয়েছে। সেই মামলার এজাহারনামীয় আসামি নিলয়কে গ্রেপ্তার করার কথা শুনেছি। তবে এখনই এ বিষয়ে বিস্তারিত বলা যাবে না। আইনগত প্রক্রিয়া শেষে সবকিছু জানানো হবে।

ঈদ সামনে, ঝাঁজ বেড়েছে

কাঁচামারিচ ১৪০ টাকা, আমদানি করা চীনা রসুন ১৮০ টাকা, তেজপাতা ১৮০-২২০ টাকা, আদা ২০০ টাকা, ধনিয়ার গুঁড়া ২০০-২৮০ টাকা, হলুদ গুঁড়া ৪০০ টাকা, সয়াবিন তেল দুই লিটার ৪৪০ টাকা, শুকনো মরিচ গুঁড়া ৫০০ টাকা, দারুচিনি ৫০০-৬০০ টাকা, জিরা ৭০০ টাকা, জিরার গুঁড়া ৮০০ টাকা, লবঙ্গ ১৪০০-১৬০০ টাকা এবং এলাচ ৪৬০০-৫৫০০ টাকায় বিক্রি হচ্ছে। অথচ এপ্রিল মাসে কেজি প্রতি পেঁয়াজ ৩০-৪৫ টাকা, দেশি রসুন ৮০-১১০ টাকা, কাঁচামারিচ ১০০ টাকা, আমদানি করা চীনা রসুন ১৮০ টাকা, তেজপাতা ১৮০-২২০ টাকা, আদা ১৮০ টাকা, ধনিয়ার গুঁড়া ২০০-২৮০ টাকা, হলুদ গুঁড়া ৪০০ টাকা, সায়াবিন তেল দুই লিটার ৩৯০-৪০০ টাকা, শুকনো মরিচ গুঁড়া ৫০০ টাকা, দারুচিনি ৪৫০-৫০০ টাকা, জিরা ৫৮০ টাকা, জিরার গুঁড়া ৬৫০ টাকা, লবঙ্গ ১৩৫০-১৪০০ টাকা এবং এলাচ ৪৬০০-৫৫০০ টাকায় বিক্রি হয়েছে। এপ্রিল মাসের তুলনায় বর্তমানে বিভিন্ন পণ্য কিছুটা বেশি দামে বিক্রি হতে দেখা গেছে। কেজিপ্রতি পেঁয়াজের দাম বেড়েছে ৫ থেকে ১৫ টাকা, দেশি রসুন ৩০ টাকা, কাঁচামরিচ ৪০ টাকা, আদা ২০ টাকা, সয়াবিন তেল (দুই লিটার) ৪০ থেকে ৫০ টাকা, দারুচিনি ৫০ থেকে ১০০ টাকা, জিরা ১২০ টাকা, জিরার গুঁড়া ১৫০ টাকা এবং লবঙ্গ ৫০ থেকে ২০০ টাকা পর্যন্ত বেড়েছে। অন্যদিকে আমদানি করা চীনা রসুন, তেজপাতা, ধনিয়ার গুঁড়া, হলুদ গুঁড়া, শুকনো মরিচ গুঁড়া ও এলাচের দামে কোনো পরিবর্তন দেখা যায়নি। বাজারের আসা ক্রেতা তাসলিমা আক্তার বলেন, শুধু ঈদের আগে না, বাংলাদেশে সব উৎসবের আগেই ওই উৎসবের প্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে যায়। সামনে কোরবানির ঈদ, বাজারে এসে দেখলাম এখন মসলার দাম বেড়ে গেছে। আগে যে পরিমাণ বাজার এক হাজার টাকায় করা যেত, এখন একই জিনিস কিনতে অনেক বেশি টাকা লাগছে। বাজারের মসলা ব্যবসায়ী রুবেল হাসান বলেন, ঈদ আসলে মসলার চাহিদা কয়েকগুণ বেড়ে যায়। আমাদের বাড়তি দামে কিনে বিক্রি করতে হয়। ফলে সবাই মনে করে আমরা বাড়িয়েছি। বিশেষ করে জিরা, মরিচ, দারুচিনি, লবঙ্গ ও গরম মসলার বিক্রি এখন অনেক বেশি। তবে এবার গত বছরের তুলনায় ক্রেতা কিছুটা কম। কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) সহসভাপতি এস এম নাজের হোসাইন বলেন, কোরবানির ঈদ মূলত মসলার মৌসুম হওয়ায় এ সময় বাজারে কিছুটা চাপ থাকেই। তবে অন্যান্য বছরের তুলনায় এবার দাম তুলনামূলক কম বেড়েছে। কিছু পণ্যের দাম ১০ থেকে ২০ টাকা পর্যন্ত বেড়েছে, আবার কিছু পণ্যের দাম স্থিতিশীল রয়েছে। যারা এবার কোরবানি দিচ্ছেন না, তাদের কারণে বাজারে চাহিদা কিছুটা কম। না হলে দাম আরও বেশি বাড়ত। তিনি আরও বলেন, ভারত থেকে চোরাই পথে মসলা আসছে বলে ব্যবসায়ীদের দাবি থাকলেও বাস্তবে এমন পণ্য সবসময়ই আসত। তবে এবার চাহিদা কম থাকায় ব্যবসায়ীরাও অতিরিক্ত দাম বাড়াতে পারছেন না। অনেক আমদানিকারক ও ব্যবসায়ী কয়েক মাস আগেই মসলা মজুত করে রেখেছেন। ক্যাব সহসভাপতি বলেন, সয়াবিন তেলের বাজারে সংকটের পেছনে সরকারের দুর্বল অবস্থানও দায়ী। কোনো যৌক্তিক কারণ ছাড়াই তেলের দাম বাড়ানো হয়েছে এবং ব্যবসায়ীরা সরকারের ওপর প্রভাব খাটিয়ে এমন পরিস্থিতি তৈরি করছেন।

কলাপাড়ায় মাটি খুঁড়ে ঘরে ঢুকে

মুখোশধারীরা দরজা খুলে পালিয়ে যায়। ভুক্তভোগীর চাচি বলেন, চিৎকার শুনে আমার স্বামীকে নিয়ে তাদের ঘরে যাই। গিয়ে আমরা বুঝতে পারি কিছু একটা হয়েছে। পরে আলো জ্বালিয়ে বাড়ির আশপাশে খুঁজতে থাকি। পরে দেখি ঘরে বেড়ার নিচে মাটি খোঁড়া। সে আমাদের জানিয়েছে, মুখোশধারীরা তাকে সংঘবদ্ধ ধর্ষণ করেছে। কলাপাড়া থানার ওসি নজরুল ইসলাম কালবেলাকে বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে আলামত সংগ্রহ করা হয়েছে। ভিকটিমের মা অভিযোগ করেছেন। এছাড়া ওই তরুণীকে মেডিকেল পরীক্ষার জন্য পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। পরবর্তী আইনি প্রক্রিয়া চলমান। তিনি আরও বলেন, পুলিশ সুপার বিষয়টি খুবই গুরুত্বের সঙ্গে আমলে নিয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ১৭ মে ২০২৬ ॥ ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩

হরমুজ প্রণালি ইস্যুতে ফেঁসে যাচ্ছে ওমান?

কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের চলমান যুদ্ধ পরিস্থিতি এবার নতুন মোড় নিয়েছে। কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালির ভবিষ্যৎ নিয়ন্ত্রণ এবং এর মধ্য দিয়ে চলাচলকারী বাণিজ্যিক জাহাজগুলোর ওপর ৩ এর পাতায় দেখুন

মূল্যস্ফীতি-বিনিয়োগ স্থবিরতা ও জ্বালানি সংকট নিয়ে বিশিষ্টজনদের উদ্বেগ

কীর্তনখোলা ডেস্ক
মূল্যস্ফীতি, বিনিয়োগ স্থবিরতা ও জ্বালানি সংকট নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন বিশিষ্টজনেরা। তাদের মতে, উচ্চ মূল্যস্ফীতি, বিনিয়োগে স্থবিরতা, জ্বালানি সংকট ও উৎপাদন খরচ বাড়ায় দেশের সামষ্টিক অর্থনীতিতে চাপ ৩ এর পাতায় দেখুন

সাংগঠনিক তৎপরতা গতিশীল করার লক্ষ্যে বরিশাল মহানগর বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দের সমন্বয়ে মতবিনিময় সভায় উপস্থিত নেতৃবৃন্দ -কীর্তনখোলা

কলাপাড়ায় মাটি খুঁড়ে ঘরে ঢুকে কলেজছাত্রীকে সংঘবদ্ধ ধর্ষণ

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় গভীর রাতে মাটি খুঁড়ে ঘরে ঢুকে কলেজছাত্রীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ উঠেছে। শনিবার (১৫ মে) রাত দেড়টার দিকে এ ঘটনা ঘটে। ভুক্তভোগী শিক্ষার্থীর অভিযোগ, শুক্রবার রাতে ছোট ভাইকে সঙ্গে নিয়ে নদীতে চিংড়ি রেনু আহরণ করতে গিয়েছিলেন মা। টিন শেডের ঘরে একা ঘুমিয়ে ছিলাম আমি। রাত দেড়টার দিকে মুখোশধারী দুজন ঘরে ঢুকে আমার ওপর নির্যাতন শুরু করে। তিনি আরও অভিযোগ করেন, আমি ধস্তাধস্তি শুরু করলে অভিযুক্তরা গলায় ধারালো বঁটি ধরে হত্যার হুমকি দেয়। একপর্যায়ে নির্যাতন সইতে না পেরে চিৎকার দিয়ে একজনকে আঘাত করে জানালা খুলে চিৎকার করি। পরে আমার চাচা-চাচি চিৎকার শুনে এগিয়ে আসলে ৩ এর পাতায় দেখুন

চীনা যুবকের প্রেম সফল হলেও পিরোজপুর যাত্রা বিফল

পিরোজপুর প্রতিনিধি
মোবাইল অ্যাপের মাধ্যমে পরিচয় ও প্রেম। ভালোবাসার টানে সুদূর চীন থেকে পিরোজপুরের এক প্রত্যন্ত পল্লীতে ছুটে এসেছেন ৩০ বছর বয়সী চীনা যুবক লিয়ন। তবে প্রেমিকার বয়স কম হওয়ায় শেষ পর্যন্ত কোনো শুভপরিণয় ছাড়াই তাকে ফিরে যেতে হয়েছে। ঘটনাটি পিরোজপুরের নাজিরপুর এলাকায় ব্যাপক আলোড়ন ও কৌতূহলের সৃষ্টি করেছে। উপজেলার কলারদোয়ানিয়া ইউনিয়নের বাসিন্দা কাঞ্চন হাওলাদারের মেয়ে সিনথিয়া আক্তার তুবাকে (১৬) ভালোবেসে বাংলাদেশে আসেন ওই চীনা যুবক। জানা যায়, ভাষা শেখার মোবাইল অ্যাপের মাধ্যমে প্রথমে তুবা ও লিয়নের ৩ এর পাতায় দেখুন

বরিশালে স্থানীয় পশুতেই মিটবে কোরবানির চাহিদা, উদ্বৃত্ত থাকবে ৬৮ হাজার

কীর্তনখোলা রিপোর্ট
আসন্ন ঈদ উল আযহায় বরিশাল বিভাগে ৪ লাখ ৬৮ হাজার ৪৪৫টি কোরবানিযোগ্য পশু প্রস্তুত রয়েছে। স্থানীয় পশুতেই মিটবে জেলার কোরবানির চাহিদা। এ বছর কোরবানির পশুর কোন সংকট হবেনা বলে জানিয়েছে প্রাণিসম্পদ অধিদপ্তর। চাহিদা মেটানোর পরও উদ্বৃত্ত থাকবে ৬৮ হাজার পশু। আর

বরিশাল জেলায় চাহিদা ১ লাখ ২৬ হাজার ৫৭৯টি হলেও প্রস্তুত রয়েছে ১ লাখ ২৯ হাজার ৪৪টি পশু। সংশ্লিষ্ট কর্মকর্তাদের তথ্য অনুযায়ী, এ বছর বরিশাল বিভাগের ৬ জেলায় কোরবানিযোগ্য পশুর সরবরাহ চাহিদার তুলনায় বেশি থাকায় স্থানীয় পশুতেই পুরো চাহিদা পূরণ সম্ভব হবে। সে হিসাব ২ এর পাতায় দেখুন

ঈদ সামনে, ঝাঁজ বেড়েছে মসলার বাজারে

কীর্তনখোলা ডেস্ক
পবিত্র ঈদুল আজহাকে সামনে রেখে মসলার বাজারে বেড়েছে বিভিন্ন পণ্যের দাম। এক মাসের ব্যবধানে পেঁয়াজ, রসুন, কাঁচামরিচ, জিরা ও জিরার গুঁড়াসহ বেশ কয়েকটি নিত্যপ্রয়োজনীয় মসলার দাম উল্লেখযোগ্য হারে বেড়েছে। ব্যবসায়ীরা বাড়তি চাহিদা ও আমদানি ব্যয় বৃদ্ধিকে দায়ী করলেও অতিরিক্ত দামে চাপে পড়েছেন সাধারণ ক্রেতারা। ঈদকে কেন্দ্র করে বাজারে ক্রেতার ভিড় বাড়লেও বাড়তি খরচ নিয়ে উদ্বেগ প্রকাশ করছেন তারা। শনিবার রাজধানীর রামপুরা বাজার ঘুরে দেখা গেছে, কেজি প্রতি পেঁয়াজ ৪৫-৫০ টাকা, দেশি রসুন ১২০-১৪০ টাকা ২ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জে এমপিকে নিয়ে ফেসবুকে আপত্তিকর পোস্ট দেয়ায় গ্রেপ্তার ১

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাকেরগঞ্জে ফেসবুকে এমপি আবুল হোসেন খানকে নিয়ে আপত্তিকর ধারাবাহিক পোস্ট দেওয়ার অভিযোগে লায়ন নিলয় পারভেজ নামের একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। শনিবার ঢাকার ভাটারা থানা এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার নিলয় পারভেজ উপজেলার নিয়ামতি ইউনিয়নের বাসিন্দা। পুলিশ জানায়, গ্রেপ্তার নিলয় তার ব্যক্তিগত ফেসবুক আইডি থেকে বরিশাল-৬ (বাকেরগঞ্জ) আসনের এমপি ও জেলা বিএনপি আহ্বায়ক আবুল হোসেন খানকে নিয়ে ধারাবাহিকভাবে মানহানিকর, অশ্লীল ও কুরুচিপূর্ণ বক্তব্য দিয়ে বিভিন্ন কন্টেন্ট প্রচার এবং ছবি-ভিডিও পোস্ট করে শেয়ার করেন। বিভিন্ন পোস্টের ক্যাপশনে তিনি আপত্তিকর মন্তব্য করেন, যা পরে সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এ ঘটনায় পাদ্রীশিবপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ২ এর পাতায় দেখুন

সৈকতে মিললো বিরল প্রজাতির ‘অলিভ রিডলি’ কচ্ছপ

কুয়াকাটা প্রতিনিধি
পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্র সৈকতে বিরল প্রজাতির একটি জীবিত ‘অলিভ রিডলি’ সামুদ্রিক কচ্ছপ উদ্ধার করা হয়েছে। শনিবার (১৬ মে) সকাল সাড়ে ১১টার দিকে সৈকতের ডিসি পার্ক সংলগ্ন এলাকা থেকে কচ্ছপটি উদ্ধার করা হয়। আন্তর্জাতিক প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ সংঘ (ওটঈঘ) এ প্রজাতিটিকে ঝুঁকিপূর্ণ প্রাণী হিসেবে তালিকাভুক্ত করেছে। স্থানীয় সূত্র জানায়, সকালে সৈকতে হাঁটার সময় সাইফুর ইসলাম নামে এক আলোকচিত্রী কচ্ছপটিকে ঢেউয়ের ধারে দুর্বল অবস্থায় পড়ে থাকতে দেখেন। তিনি পরিবেশবাদী সংগঠন ‘উপকূল পরিবেশ রক্ষা আন্দোলন’কে (উপরা) খবর দিলে সংগঠনের সদস্যরা দ্রুত ৩ এর পাতায় দেখুন

খাল পুনঃখনন উদ্বোধনকালে শহীদ জিয়াকে স্মরণ করলেন বাউফলের এমপি

বাউফল প্রতিনিধি
পটুয়াখালী জেলার বাউফলে ৪০ দিনের কর্মসূচির আওতায় খাল পুনঃখনন কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। এ সময় শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের খাল পুনঃখনন উদ্যোগের কথা স্মরণ করেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। শনিবার সকালে বগা ইউনিয়নের রাজনগর এলাকায় খাল পুনঃখনন কার্যক্রম পরিদর্শনের পর দুপুরে আদাবাড়িয়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডে আরেকটি খাল পুনঃখনন কাজের শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ২ এর পাতায় দেখুন

ব্রিজ ভেঙে খালে ট্রাক, ১০ গ্রামের যোগাযোগ বিচ্ছিন্ন

কাঁঠালিয়া প্রতিনিধি
ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলায় একটি ঝুঁকিপূর্ণ গার্ডার ব্রিজ ভেঙে পাথরবোঝাই ট্রাক খালে পড়ে যাওয়ার ঘটনা ঘটেছে। এতে চেচরিরামপুর ইউনিয়নসহ অন্তত ১০টি গ্রামের সঙ্গে উপজেলা সদরের সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। শুক্রবার (১৫ মে) ভোরে বান্দাঘাটা-কৈখালী-ভান্ডারিয়া সড়কের জোড়াপুল বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, সাতক্ষীরা থেকে প্রায় ১০ টন পাথর নিয়ে একটি ট্রাক কাঁঠালিয়ার ষাটকুড়া এলাকায় যাচ্ছিল। পথে জোড়াপুল বাজারসংলগ্ন দীর্ঘদিনের পুরোনো ও ঝুঁকিপূর্ণ গার্ডার ব্রিজটি অতিক্রম করার সময় হঠাৎ সেটি ভেঙে পড়ে যায়। এ সময় ট্রাকটির পেছনের দুটি চাকা বিচ্ছিন্ন হয়ে খালে ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে ভয়াবহ অগ্নিকাণ্ডে ১৭ দোকান পুড়ে ছাই

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদ উপজেলার ঐতিহ্যবাহী মিয়ারহাট বন্দরে এক ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ১৭টি ব্যবসাপ্রতিষ্ঠান পুড়ে ছাই হয়ে গেছে। শুক্রবার (১৫ মে) মধ্যরাতে এ দুর্ঘটনা ঘটে। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের দাবি, এই অগ্নিকাণ্ডে তাদের প্রায় ১০ কোটি টাকারও বেশি ক্ষয়ক্ষতি হয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, আগুনের সঠিক কারণ ও উৎপত্তিস্থল নিয়ে কিছুটা ভিন্নমত রয়েছে। তবে, অধিকাংশের ধারণা, একটি সার ও কীটনাশকের দোকানের পাশে থাকা বাঁশঝাড়ের বৈদ্যুতিক পিলার থেকে প্রথমে আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যেই সেই আগুন ভয়াবহ রূপ নিয়ে আশপাশের দোকানগুলোতে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ফায়ার সার্ভিসের তিনটি ইউনিট। তাদের প্রায় এক ঘণ্টার সম্মিলিত চেষ্টায় শেষ পর্যন্ত আগুন নিয়ন্ত্রণে আসে। শনিবার (১৬ মে) ভোরে সরেজমিনে গিয়ে দেখা যায়, আগুনে সবকিছু হারিয়ে ব্যবসায়ীরা দিশেহারা। ২ এর পাতায় দেখুন

চাঁদার দাবিতে আ.লীগ নেতাকে জিম্মি করে সাদা স্ট্যাম্পে স্বাক্ষর আদায় বিএনপি নেতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের আগৈলঝাড়ায় এক আওয়ামী লীগ নেতা ও তাঁর ইউপি সদস্য স্ত্রীকে জিম্মি করে চাহিদামতো টাকা না দেওয়ায় তিনটি খালি স্ট্যাম্পে স্বাক্ষর রাখার অভিযোগ উঠেছে বিএনপির এক নেতার বিরুদ্ধে। ভয়ে ওই দম্পতি স্ট্যাম্প উদ্ধারের জন্য থানায় লিখিত অভিযোগ দিতে পারেননি। স্থানীয় ও অভিযোগ সূত্রে জানা গেছে, পূর্ববিরোধের জেরে উপজেলার রত্নপুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক লাল মিয়া কবিরাজ ও তাঁর স্ত্রী সংরক্ষিত ইউপি সদস্য জেসমিন আরা বেগম গত বুধবার (১৩ মে) দুপুরে অটোগাড়িযোগে উপজেলা সদরে ২ এর পাতায় দেখুন

কাউখালীতে মাদক ব্যবসায়ী ও পেশাদার চোর গ্রেপ্তার

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে পুলিশের বিশেষ অভিযানে মাদকসহ এক মাদক ব্যবসায়ী ও এক চিহ্নিত পেশাদার চোরকে গ্রেপ্তার করেছে কাউখালী থানা পুলিশ। শুক্রবার রাতে ও শনিবার সকালে পৃথক অভিযানে তাদের আটক করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার রাতে কাউখালী থানার এসআই রহমাতুল্লাহর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স উপজেলার পারসাতুরিয়া গ্রামের মিয়া বাড়ির ঈদগাহ মাঠ সংলগ্ন পাকা সড়কে বিশেষ অভিযান পরিচালনা করে। এ সময় উপজেলার শংকরপুর গ্রামের জাকির তালুকদারের ছেলে কথিত মাদক ব্যবসায়ী রাকিব তালুকদার (২৪) কে আটক করা ২ এর পাতায় দেখুন

ভোলায় ২০ কেজি গাঁজাসহ যুবক আটক

ভোলা প্রতিনিধি
ভোলায় ২০ কেজি গাঁজাসহ যুবক আটক ভোলার সদর থানাধীন পূর্ব ইলিশার গাজীপুর চর সংলগ্ন মেঘনা নদীতে শুক্রবার (১৫ মে) দুপুর ১টার দিকে বাংলাদেশ কোস্ট গার্ড এর একটি বিশেষ অভিযানে প্রায় ২০ কেজি গাঁজাসহ এক মাদক কারবারিকে আটক করা হয়েছে। কোস্ট গার্ড বেইস ভোলা গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে। এসময় সন্দেহজনক একটি স্পিডবোটে তল্লাশি চালিয়ে কুমিল্লা থেকে ভোলা সদরে পাচারকালে প্রায় ৮ লাখ টাকা মূল্যের গাঁজা উদ্ধার করা হয়। আটক ব্যক্তি হলেন মোঃ শরিফুল ইসলাম (২০)। তিনি চৌদ্দগ্রাম উপজেলা এর রাজেন্দ্রপুর এলাকার ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা এবং মোঃ ফরিদ ৩ এর পাতায় দেখুন

বরগুনায় বাড়ির মালিককে গুলি করে ডাকাতি, আটক ৩

বরগুনা প্রতিনিধি
বরগুনার বেতাগীতে একটি বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। এ সময় ডাকাতের গুলিতে বাড়ির মালিক মো. রিমন (৩৪) গুলিবিদ্ধ হয়েছেন। এ ঘটনার পরপরই জড়িত সন্দেহে তিনজনকে আটক করেছে পুলিশ। শুক্রবার (১৫ মে) দিনগত রাত দুইটার দিকে উপজেলার কিসমত করুনা এলাকার বেইলি ব্রিজ সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গভীর রাতে একদল ডাকাত রিমনের বাড়িতে হানা দেয়। ডাকাতেরা ঘরের দরজা ভাঙার চেষ্টা করলে ভেতর থেকে বাধা দেওয়া হয়। এ সময় ডাকাত দল দরজার নিচ দিয়ে ঘরের ভেতর লক্ষ্য করে গুলি চালায়। এতে রিমনের পায়ে গুলি লাগে। পরে চার-পাঁচজন ডাকাত ঘরে ঢুকে রিমনের মায়ের গলা থেকে স্বর্ণালংকার ছিনিয়ে নিয়ে ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে ডিবির অভিযানে জাল নোটসহ আটক ১

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশনে গোয়েন্দা পুলিশের (ডিবি) অভিযানে ১১ হাজার ৫০০ টাকার জাল নোটসহ এক সদস্যকে আটক করা হয়েছে। আটক ইকবাল হোসেন (৩৮) লালমোহন উপজেলার মেহেরগঞ্জ এলাকার মৃত সৈয়দ আহম্মেদের ছেলে। শুক্রবার রাতে অভিযানের পর শনিবার (১৬ এপ্রিল) দুপুরে পুলিশ এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করে। ভোলা পুলিশ সুপার মো. শহিদুল্লাহ কাওছার স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, আসন্ন ঈদুল আজহা উপলক্ষে জেলার বিভিন্ন এলাকায় চিরুনি অভিযান চালানো হচ্ছে। এরই ধারাবাহিকতায় চরফ্যাশন উপজেলার দুলারহাট এলাকায় অভিযান চালিয়ে জাল নোট চক্রের এক সদস্যকে আটক করা হয়। ৩ এর পাতায় দেখুন

বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহ্ বরিশাল জেলা ও মহানগর শাখার উদ্যোগে জেলা-মহানগর কাউন্সিল ও ছাত্র হিযবুল্লাহ সম্মেলন অনুষ্ঠিত হয় -কীর্তনখোলা

ভাণ্ডারিয়ায় শ্রীগুরু সজ্ঞের ৬দিন ব্যপি ৬২তম ধর্মীয় অনুষ্ঠান সমাপ্ত

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় শ্রীগুরু সজ্ঞ ভাণ্ডারিয়া শাখার উদ্যোগে দক্ষিণ ভাণ্ডারিয়া বামুনের হাওলা ঐতিহ্যবাহী শ্রীগুরু সজ্ঞ মন্দির প্রাঙ্গনে প্রতিবছরের ন্যায় এবছরও গতকাল শনিবার দুপুরে মহাপ্রসাদ বিতরণের মধ্য দিয়ে সমাপ্ত হয়েছে। ছয় দিন ব্যপি ৬২তম অনুষ্ঠানের শেষ দিন রাতে শ্রীশ্রী তারকব্রহ্ম মহানাম যজ্ঞানুষ্ঠানে অতিথি হিসেবে অনুষ্ঠার উপভোগ করেন, উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো. হাসিবুল হাসান,সাবেক উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জল ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com